অর্থাৎ সূচীবেধবৎ বেদনাদি বাতলক্ষণ দ্বারা; পিত্ত দ্বারা ব্যাপ্ত হইলে দাহাদি পিত্তলক্ষণ দ্বারা, কফ দ্বারা ব্যাপ্ত হইলে গৌরবাদি কফলক্ষণ দ্বারা পীড়া দিয়া থাকে এবং সেই সঙ্গে আমসমুদ্ভূত অপাক অলসকাদি বিকারসমূহ উৎপাদন করিয়াও রোগিকে যন্ত্রণা দেয় ॥ ১৪ ॥ বিসূচী ও অলসক রোগে যদি রোগির দন্ত, ওষ্ঠ ও নখ শ্যাববর্ণ; সংজ্ঞা লুপ্তপ্রায়, অত্যন্ত বমি, নেত্রদ্বয় কোটরগত, স্বর অতি ক্ষীণ, এবং সন্ধি সকল শিথিল হয়, তাহা হইলে রোগির মৃত্যু অনিবার্য্য ॥ ১৫ ॥ নিদ্রানাশ, চিত্তের অস্থিরতা, কম্প, মূত্রাঘাত ও সংজ্ঞাহীনতা, বিসূচী রোগে এই পাঁচটী ভয়ঙ্কর উপদ্রব ॥ ১৬ ॥ উদ্গারশুদ্ধি অর্থাৎ ধূমাম্লাদি রাহিত্য, উৎসাহ অর্থাৎ শরীর ও মনের বল, যথোচিত মলমূত্র নির্গম, দেহের বিশেষতঃ কোষ্ঠের লঘুতা, ক্ষুধা ও পিপাসার যথোচিত উদয়, এইগুলি জীর্ণাহারের লক্ষণ ॥ ১৭ ॥

ইতি অগ্নিমান্দ্য, অজীর্ণ বিসূচিকাদি নিদান সমাপ্ত।

ক্রিম্যধিকারঃ।

ক্রিমযশ্চ দ্বিধা প্রোক্তা বাহ্যাভ্যন্তরভেদতঃ। বহির্মলকফাসৃগ্বিড়্জন্ম-ভেদাচ্চতুর্ব্বিধাঃ॥ নামতো বিংশতিবিধা বাহ্যাস্তত্র মলোদ্ভবাঃ। তিলপ্রমাণ-সংস্থানবর্ণাঃ কেশাম্বরাশ্রয়াঃ॥ বহুপাদাশ্চ সূক্ষ্মাশ্চ যূকা লিক্ষাশ্চ নামতঃ॥ দ্বিধা তে কোঠপিড়কাঃ কণ্ডূগণ্ডান্ প্রকুর্ব্বতে॥ ১॥ অজীর্ণভোজী মধুরাম্ল-নিত্যো দ্রবপ্রিয়ঃ পিষ্টগুড়োপভোক্তা। ব্যায়ামবর্জ্জী চ দিবাশয়ানো বিরুদ্ধ-ভুক্ সংলভতে ক্রিমীংস্তু॥ ২॥ মাষপিষ্টাম্ললবণগুড়শাকৈঃ পুরীষজাঃ। মাংস-

---

অজীর্ণাৎ ক্রিমিসম্ভব ইত্যতোঽজীর্ণানন্তরং ক্রিমিনিদানমাহ। দ্বিধা বাহ্যাভ্যন্তরভেদত ইতি। অত্র বাহ্যাস্ত্বগুপলেপকবাহ্যমলসম্ভবাঃ, আভ্যন্তরা আমাশয়াদিসম্ভবাঃ, ত এব দেশভেদাৎ দ্বৈবিধ্যেনোক্তাঃ। কারণভেদাচ্চতুর্দ্ধা ভবন্তীত্যাহ, বহির্মলো গাত্রোপলেপী স্বেদাদিরুক্ত এব, বহির্মলাদির্দ্ধ চতুর্দ্ধা জন্ম বহির্মলাদিজন্ম তদ্ভেদাৎ অতএব চতুর্বিধা। নামভেদেন বিংশতিবিধা ভবন্তি বিংশত্যতিরিক্তাশ্চাতিসূক্ষ্মাঃ সহজাশ্চরকেণোক্তাঃ। তে চাবৈকারিকত্বেন রোগাধিকারে নোচ্যন্তে। বিংশতিবিধাস্তু ক্রিময়ো দোষপ্রকোপনদ্বারেণ শূলাদিরোগান্ জনয়ন্তীতি রোগা উচ্যন্তে। উক্তান্ বাহ্যান্ বিবৃণোতি,—বাহ্যাস্তত্র মলোদ্ভবা ইতি। তিলানামিব প্রমাণং পরিমাণং সংস্থানমাকৃতির্বর্ণশ্চ শ্বেতঃ কৃষ্ণো বা যেষাং যূকাদিরূপাণাং তে তথা। কেশাম্বরা-শ্রয়া ইতি অম্বরং বস্ত্রম্। বহুপাদা ইতি যূকাঃ সূক্ষ্মা ইতি লিক্ষাঃ॥ ১।

তেষাং নিদানমাহ অজীর্ণেত্যাদি। অজীর্ণভোজনশীলোঽজীর্ণভোজী মধুরাম্লনিত্যঃ সতত-মধুরাম্লভোজী। বিরুদ্ধং ক্ষীরমৎস্যাদি॥ ২॥

বাহ্য ও আভ্যন্তর ভেদে, প্রধানতঃ ক্রিমি দুই প্রকার অর্থাৎ কতকগুলি বাহ্য ক্রিমি এবং কতকগুলি আভ্যন্তর ক্রিমি। জন্মভেদে তাহাদিগকে চারি-ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা বহির্মলোৎপন্ন, কফোৎপন্ন, রক্তোৎ-পন্ন ও পুরীষোৎপন্ন ক্রিমি। আর নামভেদে তাহারা বিংশতি প্রকারে পরিগণিত হইতে পারে। এই বিংশতি প্রকার নাম ক্রমশঃ বলা যাইতেছে। বাহ্য ক্রিমি সকল, গাত্রমল ও স্বেদ হইতে উৎপন্ন, ইহাদের পরিমাণ, আকৃতি ও বর্ণ তিলের ন্যায়। ইহারা যূক ও লিক্ষা নামে অভিহিত। যূকগণ বহুপাদবিশিষ্ট, কৃষ্ণবর্ণ ও কেশাশ্রয়ী এবং লিক্ষা সকল সূক্ষ্ম, শ্বেত-বর্ণ ও বস্ত্রাশ্রয়ী। এই বাহ্য ক্রিমিদ্বয় কোঠ, পিড়কা, কণ্ডূ ও গণ্ডরোগ উৎপাদন করে॥ ১॥ অজীর্ণে ভোজন, নিত্য মধুর ও অম্লরস ভোজন, দ্রবদ্রব্যের অতিপান, পিষ্টক ও গুড়ভোজন, ব্যায়ামপরিবর্জ্জন, দিবানিদ্রা

মৎস্যগুড়ক্ষীরদধিশুক্তৈঃ কফোদ্ভবাঃ। বিরুদ্ধাজীর্ণশাকাদ্যৈঃ শোণিতোত্থা ভবন্তি হি ॥ ৩ ॥ জ্বরো বিবর্ণতা শূলং হৃদ্রোগঃ সদনং ভ্রমঃ। ভক্তদ্বেষো-ঽতিসারশ্চ সঞ্জাতক্রিমিলক্ষণম্ ॥ ৪ ॥ কফাদামাশয়ে জাতা বৃদ্ধাঃ সর্পন্তি সর্ব্বতঃ। পৃথুব্রধ্ননিভাঃ কেচিৎ কেচিদ্‌গণ্ডূপদোপমাঃ ॥ রূঢ়ধান্যাঙ্কুরাকারা-স্তনুদীর্ঘাস্তথাণবঃ। শ্বেতাস্তাম্রাবভাসাশ্চ নামতঃ সপ্তধা তু তে ॥ ৫ ॥ অন্ত্রাদা উদরাবেষ্টা হৃদয়াদা মহাগুদাঃ। চুরবো দর্ভকুসুমাঃ সুগন্ধাস্তে চ কুর্ব্বতে। হৃল্লাসমাস্যস্রবণমবিপাকমরোচকম্। মূর্চ্ছা ছর্দ্দি জ্বরানাহ কার্শ্যক্ষবথু পীনসান্ ॥ ৬ ॥ রক্তবাহিশিরাস্থানরক্তজা জন্তবোঽণবঃ। অপাদা বৃত্ততাম্রাশ্চ

ক্রিমিবিশেষে নিদানবিশেষমাহ মাষেত্যাদি ॥ ৩ ॥

আভ্যন্তরক্রিমিলক্ষণমাহ জ্বর ইত্যাদি ॥ ৪ ॥

কফাদিতি।—কফনিমিত্তাঃ ক্রিময়ঃ আমাশয়ে জায়ন্তে তে চ বৃদ্ধাঃ সন্তঃ সর্ব্বতঃ ঊর্দ্ধমধশ্চ সর্পন্তি, এবং পুরীষজাদিষু দ্রষ্টব্যম্। ব্রধ্নশ্চর্ম্মলতা ব্রধ্নীতি লোকে। রূঢ়ং প্ররূঢ়ম্। তনবঃ পরিণাহেন দীর্ঘা আযামেন অণবঃ উভাভ্যামপি স্বল্পাঃ। তে ইতি কফজাঃ ॥ ৫ ॥

সপ্ত নামানি বিবৃণোতি অন্ত্রাদা ইত্যাদি। এতে চ নামবিশেষাঃ কেচিৎ সান্বয়াঃ কেচিৎ নিরন্বয়াঃ ব্যবহারার্থং পূর্ব্বাচার্য্যৈঃ প্রণীতা এবং বক্ষ্যমাণেষু বোধ্যমিতি ॥ ৬ ॥

এবং মিলিত ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধভোজন এই সকল কারণে আভ্যন্তর ক্রিমি জন্মিয়া থাকে ॥ ২ ॥ মাষপিষ্টক, অম্ল, লবণ, গুড় ও শাক ভক্ষণে পুরীষজ ক্রিমি; মাংস, মৎস্য, গুড়, ক্ষীর, দধি ও শুক্ত অর্থাৎ আচার বিশেষ ভোজনে কফজ ক্রিমি; এবং ক্ষীরমৎস্যাদি বিরুদ্ধভোজন, অজীর্ণ ভোজন ও শাকাদি ভোজনে রক্তজ ক্রিমি জন্মে ॥ ৩ ॥ আভ্যন্তর ক্রিমি সকল জন্মিলে, জ্বর, বিবর্ণতা, শূল, হৃদ্রোগ, অবসাদ, ভ্রম, অন্নদ্বেষত ও অতিসার এই সকল লক্ষণ প্রকাশিত হয় ॥ ৪ ॥ কফজনিত ক্রিমি সকল আমাশয়ে জাত ও পরিবর্দ্ধিত হইয়া উদরের ইতস্ততঃ বিচরণ করে। ইহাদের কতকগুলি স্থূল, কতকগুলি চর্ম্মলতাসদৃশ, কতকগুলি কিঞ্চুলুক সদৃশ, কতকগুলি ধান্যাঙ্কুরের ন্যায়, কতকগুলি সূক্ষ্ম অথচ দীর্ঘাকৃতি, কতকগুলি অতি ক্ষুদ্র, কতকগুলি শ্বেতবর্ণ, কতকগুলি তাম্রবর্ণ। ইহারা নামভেদে সপ্তবিধ যথা—অন্ত্রাদ, উদরাবেষ্ট, হৃদয়াদ, মহা-গুদ, চুরু, দর্ভকুসুম ও সুগন্ধ। কফজ ক্রিমি জন্মিলে বমনবেগ, মুখ হইতে জলস্রাব, অপাক, অরুচি, মূর্চ্ছা, বমি, জ্বর, আনাহ কৃশত্ব, হাঁচি ও পীনস এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫।৬ ॥ রক্তজ ক্রিমি সকল, রক্তবাহি-

সৌক্ষ্যাৎ কেচিদদর্শনাঃ। কেশাদা রোমবিধ্বংসা রোমদ্বীপা উড়ুম্বরাঃ। ষট্ তে কুষ্ঠৈককর্ম্মাণঃ সহসৌরসমাতরঃ ॥ ৭ ॥ পক্বাশয়ে পুরীষোত্থা জায়ন্তে-ঽধোবিসর্পিণঃ। বৃদ্ধাস্তে স্যুর্ভবেয়ুশ্চ তে যদামাশয়োন্মুখাঃ ॥ তদাস্যোদ্গার-নিশ্বাসবিড়্গন্ধানুবিধায়িনঃ। পৃথুবৃত্ততনুস্থূলাঃ শ্যাবপীতসিতাসিতাঃ ॥ তে পঞ্চ নাম্না ক্রিময়ঃ ককেরুকমকেরুকাঃ। সৌসুরাদাঃ সশূলাখ্যা লেলিহা জনয়ন্তি হি ॥ বিড়্ভেদশূলবিষ্টম্ভকার্শ্যপারুষ্যপাণ্ডুতাঃ। রোমহর্ষাগ্নিসদনং গুদকণ্ডূর্ব্বিমার্গগাঃ ॥ ৮ ॥ (ক) ইতি ক্রিমিনিদানম্।

রক্তজানাহ বক্তেত্যাদি। রক্তবাহিশিরাস্থানাশ্চ তে রক্তজাশ্চেতি রক্তবাহিশিরস্থানরক্তজাঃ। অথবা রক্তবাহিশিরাস্থানং যদ্রক্তং তজ্জাঃ। নামভেদাৎ তে ষট্, তত্র কেশাদাদয়শ্চত্বারঃ সহ সৌরসনামমাতৃনামভ্যাং ক্রিমিভ্যাং বর্ত্তন্তে ইতি সহসৌরসমাতর এবং ষড়্ভবন্তি। কুষ্ঠৈককর্ম্মাণ ইতি কুষ্ঠমেব একং কার্য্যং যেষাং তে তথা কুষ্ঠজনকা ইতি যাবৎ। উক্তং হি সুশ্রুতে "সর্ব্বাণি কুষ্ঠানি সবাতানি সপিত্তানি সশ্লেষ্মাণি সক্রিমীণি চোপদিশ্যন্তে ইতি" ॥ ৭ ॥

পুরীষজানাহ পক্বাশয়েত্যাদি। অধো বিসর্পিণ ইতি গুদনিঃসরণশীলাঃ, তে যদাভিবৃদ্ধাঃ সন্তঃ আমাশয়োন্মুখা ভবেয়ুস্তদাস্য রোগিণঃ উদ্গারনিশ্বাসবিড়্গন্ধানুবিধায়িনঃ স্যুঃ; পুরীষ-গন্ধযুক্তা ভবন্তীতি যোজ্যম্। শেষং সুবোধ্যম্ ॥ ৮ ॥

ইতি বৈদ্যমহামহোপাধ্যায় শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে
ক্রিমিনিদানং সমাপ্তম্।

শিরায় অবস্থিতি করে। ইহারা অতি সূক্ষ্ম, পাদরহিত, গোলাকার ও তাম্রবর্ণ, ইহাদের মধ্যে কতকগুলি এরূপ সূক্ষ্ম যে দৃষ্টিগোচর হয় না। ইহারা নামভেদে ছয় প্রকার যথা—কেশাদ, রোমবিধ্বংস, রোমদ্বীপ, উড়ুম্বর, সৌরসনামা এবং মাতৃনামা। একমাত্র কুষ্ঠোৎপাদনই ইহাদের প্রধান কর্ম্ম ॥ ৭ ॥ পুরীষজ ক্রিমিগণ পক্বাশয়ে জন্মে। ইহারা অধোগমনশীল, কিন্তু যখন অতি প্রবৃদ্ধ হইয়া আমাশয়ের দিকে উত্থানোন্মুখ হয়, তখন রোগির উদ্গার ও নিশ্বাসে বিষ্ঠার গন্ধ অনুভূত হইয়া থাকে। ইহাদের কতকগুলি স্থূল এবং কেহ শ্যাব, কেহ পীত, কেহ শ্বেত, কেহ বা কৃষ্ণবর্ণ। নামভেদে তাহারা পাঁচ প্রকার যথা—ককেরুক, মকেরুক, সৌসুরাদ, সশূলাখ্য ও লেলিহ। ইহারা বিমার্গ-গামী হইলে, মলভেদ, শূল, উদরের স্তব্ধতা, কৃশতা, পরুষতা, পাণ্ডুবর্ণতা, রোমাঞ্চ, অগ্নিমান্দ্য ও গুহ্যদেশে কণ্ডূ এই সকল উপদ্রব উপস্থিত হয় ॥ ৮ ॥

ইতি ক্রিমিনিদান সমাপ্ত।

(ক) ক্রিমিরোগকে ইংরাজীতে ওয়ার্ম্মস্ (Worms) কহে।

পাণ্ডুকামলাকুম্ভকামলাহলীমকনিদানম্।

পাণ্ডুরোগাঃ স্মৃতাঃ পঞ্চ বাতপিত্তকফৈস্ত্রয়ঃ। চতুর্থঃ সন্নিপাতেন পঞ্চমো ভক্ষণান্মৃদঃ॥ ১॥ ব্যায়ামমম্লং লবণানি মদ্যং মৃদং দিবাস্বপ্নমতীবতীক্ষ্ণম্। নিষেবমাণস্য প্রদূষ্য রক্তং দোষাস্ত্বচং পাণ্ডুরতাং নয়ন্তি॥ ২॥ ত্বক্স্ফোটন-ষ্ঠীবনগাত্রসাদমৃদ্ভক্ষণপ্রেক্ষণকূটশোথাঃ। বিণ্মূত্রপীতত্বমথাবিপাকো ভবিষ্যত-স্তস্য পুরঃসরাণি॥ ৩॥ ত্বঙ্মূত্রনয়নাদীনাং রুক্ষকৃষ্ণারুণাভতা। বাতপাণ্ড্বা-ময়ে তোদকম্পানাহভ্রমাদয়ঃ॥ ৪॥ পীতমূত্রশকৃন্নেত্রো দাহতৃষ্ণাজ্বরান্বিতঃ।

পুরীষজাঃ ক্রিময়ঃ পাণ্ডুতাং জনয়ন্তি, অতঃ ক্রিমেরনন্তরং পাণ্ডুরোগমাহ; —পাণ্ডুরোগা ইত্যাদি। পাণ্ডুত্বেন উপলক্ষিতো রোগঃ পাণ্ডুরোগঃ, চরকে অষ্টোদরীয়াধ্যায়ে পঞ্চ পাণ্ডু-রোগাঃ ইত্যভিধায়াপি পাণ্ডুরোগাঃ স্মৃতাঃ পঞ্চেতি যদেতৎ পুনশ্চরকবচনং, তেন পঞ্চানামপি সাধ্যত্বং বোধযতি, ন তু পঞ্চোন্মাদেষ্বিব সান্নিপাতিকস্যাসাধ্যত্বমিতি জেজ্জড়ঃ, ন্যূনসংখ্যা-ব্যবচ্ছেদার্থমিতি চক্রঃ। সুশ্রুতে হি মৃত্তিকাজো ন পঠিতঃ। ননু মৃত্তিকাপি দোষপ্রকোপ-দ্বারেণৈব পাণ্ডুরোগং জনয়তি, যদুক্তং "কষাযা মারুতং পিত্তমূষরা মধুরা কফম্" ইতি নিদান-ভেদাচ্চ রোগভেদে রোগানন্ত্যপ্রসঙ্গো বাতজস্যাপি রুক্ষশীতাদ্যনেকনিদানকুপিতবাতজন্যত্বাৎ, উচ্যতে দোষত্বাবিশেষেঽপি বিশিষ্টরূপচিকিৎসাপ্রতিপাদনার্থং পৃথগভিধানং, মূত্রাঘাতবৃদ্ধিবৎ; সুশ্রুতেন তু পরাধিকারেষু ন বিস্তরোক্তিরিত্যভিপ্রায়েণ ন পৃথক্কৃতঃ। চিকিৎসা তু দোষ-চিকিৎসয়াপি ভবতীতি॥ ১॥

রক্তমিত্যুপলক্ষণং ত্বঙ্মাংসমপি দূষ্যত্বেন দৃঢবলেন পঠিতং হারীতেন রসোঽপীতি॥ ২॥

ত্বক্স্ফোটনং ত্বচঃ কিঞ্চিদ্বিদরণম্। মৃদ্ভক্ষণং মৃদ্ভক্ষণেচ্ছা। প্রেক্ষণ-কূটশোথঃ অক্ষি-গোলকে শোথঃ। অবিপাক আহারস্য। পুরঃসরাণি পূর্ব্বরূপাণি॥ ৩॥

কৃষ্ণারুণাভতা ইতি। অত্র ন পাণ্ডুতামতিক্রামতি অন্যথা পাণ্ডুরোগত্বাভাবঃ। উক্তঞ্চ সুশ্রুতে "সর্ব্বেষু চৈতেষ্বিহ পাণ্ডুভাবো যতোঽধিকোঽতঃ খলু পাণ্ডুরোগঃ" ইতি। ভ্রমাদয় ইতি আদিশব্দেন ভেদশূলাদীনাং গ্রহণম্॥ ৪॥

বাতজ, পিত্তজ, কফজ, সন্নিপাতজ ও মৃদ্ভক্ষণজ ভেদে পাণ্ডুরোগ পাঁচপ্রকার॥ ১॥ ব্যায়াম (ব্যায়াম স্থলে ব্যবায় এইরূপ পাঠও দৃষ্ট হয়, ব্যবায় অর্থাৎ মৈথুন) অম্ল লবণ মদ্য মৃত্তিকা তীক্ষ্ণবীর্য্য দ্রব্য অর্থাৎ লঙ্কা মরিচ ও রাইসর্ষপ এই সকল বাহুল্যরূপে সেবন করিলে, বাতাদি দোষত্রয় রক্তকে দূষিত করিয়া ত্বক্‌কে পাণ্ডুবর্ণ করে॥ ২॥ পাণ্ডুরোগ উপস্থিত হইবার পূর্ব্বে ত্বকের স্ফুটন, মুখ দিয়া জলউঠা, শরীরের অবসন্নতা, মৃদ্ভক্ষণের ইচ্ছা, অক্ষিগোলকে শোথ, মলমূত্রের পাণ্ডুবর্ণতা ও অপাক এই সকল লক্ষণ ঘটিয়া থাকে॥ ৩॥ বাতজ পাণ্ডুরোগে ত্বক্; মূত্র ও নয়নাদি

ভিন্নবিট্‌কোঽতিপীতাভঃ পিত্তপাণ্ডামরী নরঃ॥ ৫॥ কফপ্রসেকশ্বয়থুতন্দ্রা-লস্যাতিগৌরবৈঃ। পাণ্ডুরোগী কফাচ্ছুক্লৈস্ত্বঙ্মূত্রনয়নাননৈঃ॥ ৬॥ জ্বরারোচক-হৃল্লাসচ্ছর্দ্দিতৃষ্ণাক্লমান্বিতঃ। পাণ্ডুরোগী ত্রিভির্দোষৈস্ত্যাজ্যঃ ক্ষীণো হতে-ন্দ্রিয়ঃ॥ ৭॥ মৃত্তিকাদনশীলস্য কুপ্যত্যন্যতমো মলঃ। কষায়া মারুতং পিত্তমূষরা মধুরা কফম্॥ কোপয়েন্মৃদ্রসাদীংশ্চ রৌক্ষ্যাদ্ভুক্তঞ্চ রুক্ষয়েৎ। পূরয়ত্যবিপক্কৈব স্রোতাংসি নিরুণদ্ধ্যপি॥ ইন্দ্রিয়াণাং বলং হত্বা তেজো

ননু পিত্তপাণ্ডামরীতি ন যুক্তং পাণ্ডুরোগস্য পিত্তকার্য্যত্বাদেব। উচ্যতে ইতরদোষাসংশ্লিষ্ট-প্রবলপিত্তজন্যত্বেন পৈত্তিকাভিধানং, যথা পৈত্তিক-রক্তপিত্তমিতি॥ ৫॥

কফপ্রসেকেত্যাদি। কফাদ্ যঃ পাণ্ডুরোগী স শুক্লৈস্ত্বঙ্মূত্রনয়নাননৈরুপলক্ষিত ইতি যোজ্যম্॥ ৬॥

সান্নিপাতিকস্তু প্রকৃতিসমসমবেতত্বেন উক্ত বাতজাদিলক্ষণৈরেব বোদ্ধব্যঃ। উক্তং হি চরকে "সর্ব্বান্নসেবিনঃ সর্ব্বে দুষ্টাদোষাস্ত্রিদোষজম্। ত্রিলিঙ্গং সংপ্রকুর্ব্বন্তি পাণ্ডুরোগং সুদুঃসহং" ইতি। তস্যৈব সোপদ্রবস্যাসাধ্যত্বমাহ জ্বরারোচক ইত্যাদি। হতেন্দ্রিয়ঃ স্ববি-ষয়াগ্রাহকেন্দ্রিয়ঃ॥ ৭॥

মৃত্তিকেত্যাদি।—অন্যতমো মলো বাতাদিঃ উষরা সক্ষারা, রসাদীন্ রুক্ষয়েৎ ভুক্তঞ্চেতি যোজ্যম্। রৌক্ষ্যাৎ প্রাকৃতিকোদ্ভূতরৌক্ষ্যগুণাৎ। অবিপক্কৈরেতি কোষ্ঠাদি ধাত্বগ্নিভিঃ পাকং গচ্ছতি, স্রোতাংসি রসবহাদীনি পূরয়তি রুণদ্ধি চ, ইন্দ্রিয়াণাং বলং স্ববিষয়গ্রহণশক্তিম্।

রুক্ষ কৃষ্ণ বা অরুণবর্ণ হয় এবং কম্প, সূচীবেধবদ্‌বেদনা, আনাহ ও ভ্রম প্রভৃতি লক্ষণ উপস্থিত হইয়া থাকে॥ ৪॥ পৈত্তিক পাণ্ডুরোগে মুখ ও নখ পীতবর্ণ হয়, ইহাতে দাহ, তৃষ্ণা, জ্বর ও ভাঙ্গা মল নির্গম এই সকল লক্ষণ উপস্থিত হইয়া থাকে॥ ৫॥ শ্লেষ্মজ পাণ্ডুরোগে মুখ ও নাসিকা হইতে জল-স্রাব, শোথ, তন্দ্রা, আলস্য, দেহের অতি গুরুতা এবং ত্বক্ মূত্র নয়ন ও আনন শুক্লবর্ণ হয়॥ ৬॥ সান্নিপাতিক পাণ্ডুরোগে, উক্ত বাতাদি লক্ষণ সকল উৎপন্ন হয়। ইহাতে জ্বর, অরুচি, বমনবেগ, তৃষ্ণা, ক্লান্তি এবং ইন্দ্রিয়শক্তির নাশ এই সকল উপদ্রব ঘটিলে রোগিকে ত্যাগ করিবে॥ ৭॥ মৃত্তিকাভক্ষণশীল ব্যক্তির বাতাদি দোষত্রয়ের মধ্যে কোন একটি দোষ কুপিত হয় অর্থাৎ কষায়রসবিশিষ্ট মৃত্তিকা বায়ুকে, ক্ষারবিশিষ্ট মৃত্তিকা পিত্তকে ও মধুররসবিশিষ্ট মৃত্তিকা কফকে কুপিত করিয়া থাকে। ভুক্তমৃত্তিকা নিজ রৌক্ষ্যগুণে, রসাদি ধাতুসমূহকে ও ভুক্ত অন্নকে রুক্ষ করিয়া তুলে, এবং ঐ মৃত্তিকা অজীর্ণ অবস্থাতেই রসবহাদিস্রোতঃ সকলকে পূর্ণ ও রুদ্ধ করিয়া

বীর্য্যৌজসী তথা। পাণ্ডুরোগং করোত্যাশু বলবর্ণাগ্নিনাশনম্॥ ৮॥ শূনাক্ষি-কূটগণ্ডভ্রূঃ শূনপান্নাভিমেহনঃ। ক্রিমিকোষ্ঠোঽতিসার্য্যেত মলং সাস্বক্‌কফান্বিতম্॥ পাণ্ডুরোগশ্চিরোৎপন্নঃ খরীভূতো ন সিধ্যতি। কালপ্রকর্ষাচ্ছূনানাং যো বা পীতানি পশ্যতি॥ ১০॥ বদ্ধাল্পবিট্ সহরিতং সকফং যোঽতি-সার্য্যতে॥ ১১॥ দীনঃ শ্বেতাতিদিগ্ধাঙ্গশ্ছর্দ্দিমূর্চ্ছাতৃড়র্দ্দিতঃ। স নাস্ত্যসৃক্-ক্ষয়াদ্‌যশ্চ পাণ্ডুঃ শ্বেতত্বমাপ্নুয়াৎ॥ পাণ্ডুদন্তনখো যস্তু পাণ্ডুনেত্রশ্চ যো

তেজো দীপ্তিরিতি জেজ্জড়ঃ, উষ্মেতি চক্রঃ। বীর্য্যং শক্তিঃ। ওজঃ সর্ব্বধাতুসারঃ পরাভিভবেচ্ছেতি জেজ্জড়ঃ॥ ৮॥

শূনাক্ষীত্যাদি।—সর্ব্বপাণ্ডুরোগেষু ক্রিমিকোষ্ঠতা যদা স্যাত্তদা এতল্লক্ষণমিতি জেজ্জড়ঃ। মৃত্তিকাজানন্তরপঠিতত্বেন তস্যৈব লক্ষণমিত্যন্যে, বিদেহে তু পঠ্যতে "মৃদ্ভক্ষণাদ্ভবেৎ পাণ্ডুস্তন্দ্রা-লস্যনিপীড়িতঃ। সশ্বাসকাসশোথার্শঃসদারুচিসমন্বিতঃ। শূনপাদাননকরঃ কৃষ্ণাঙ্গঃ কৃশপাবকঃ" ইতি॥ ৯॥

অসাধ্যলক্ষণমাহ পাণ্ডুরোগ ইত্যাদি। পাণ্ডুরোগশ্চিরোৎপন্নঃ কালপ্রকর্ষাৎ খরীভূতো জঠরতাং গতো ন সিধ্যতি, অচিরোৎপন্নোঽপি শূনানাং মধ্যে যো বা পীতানি পশ্যতি স পাণ্ডুরোগো ন সিধ্যতীত্যপরমসাধ্যলক্ষণমিতি জেজ্জড়যোজনা। চক্রস্ত্বাহ চিরোৎপন্নঃ খরী-ভূতোঽত্যর্থরুক্ষিতসর্ব্বধাতুর্ন সিধ্যতি, তথা কালপ্রকর্ষাদিত্যাদিনাপরমসাধ্যলক্ষণমিতি। অত্র শূনানাং শোথবতাং মধ্যে যো বা পীতানি পশ্যতীতি স ন সিধ্যতীতি। শূনো না ইতি পাঠান্তরং সুগমং, না পুরুষঃ, শূনাঙ্গো যো বা পীতানি পশ্যতীতি পাঠান্তরং সুগমতরম্॥ ১০॥

অপরমসাধ্যলক্ষণমাহ বদ্ধেত্যাদি। অত্র সকফত্বেঽপি বদ্ধত্বাল্পত্বহরিতত্বানি ব্যাধি-প্রভাবাৎ, বদ্ধাল্পস্থানে বহলমিতি পাঠান্তরং সুগমম্। বিট্‌শব্দো নপুংসকোঽপ্যস্তি এতন্নির্দ্দে-শাদুন্নেয়মিত্যাহুঃ॥ ১১॥

অপরমসাধ্যলক্ষণং দীন ইত্যাদি। দীনঃ গ্লানঃ শ্বেতাতিদিগ্ধাঙ্গ ইতি শ্বেতবর্ণলিপ্তাঙ্গ ইবেত্যর্থঃ স নাস্তি নষ্ট ইব অসাধ্য ইত্যর্থঃ। অপরমাহ অসৃগিত্যাদি। অপরমসাধ্যলক্ষণং,

ইন্দ্রিয়শক্তি, দীপ্তি, বীর্য্য ও সর্ব্বধাতুর সারভূত ওজঃপদার্থের বিনাশপূর্ব্বক আশু বলবর্ণাগ্নি নাশ করিয়া পাণ্ডুরোগ উৎপাদন করে॥ ৮॥ পাণ্ডুরোগির কোষ্ঠে ক্রিমি জন্মিলে অক্ষিগোলক, গণ্ড, ভ্রূ, পাদ, নাভি ও লিঙ্গে শোথ হয় এবং রোগী রক্ত ও কফের সহিত মলত্যাগ করে॥ ৯॥ দীর্ঘকালজাত পাণ্ডুরোগ কালাধিক্য বশতঃ খরীভূত অর্থাৎ রুক্ষিতসর্ব্বধাতু হইলে অসাধ্য হয়। পাণ্ডুরোগী যদি শোথযুক্ত হইয়া সমস্ত বস্তু পীতবর্ণ দেখে, তাহা হইলে সেই পাণ্ডুরোগ অসাধ্য জানিবে॥ ১০॥ পাণ্ডুরোগির মল যদি বদ্ধ, অল্প, হরিতবর্ণ ও কফযুক্ত হয়, তাহা হইলেও অসাধ্য জানিবে॥ ১১॥

ভবেৎ। পাণ্ডুসংঘাতদর্শী চ পাণ্ডুরোগী বিনশ্যতি ॥ ১২ ॥ অন্তেষু শূনং পরিহীনমধ্যং ম্লানন্তথান্তেষু চ মধ্যশূনম্। গুদে চ শেফস্যথ মুষ্কয়োশ্চ শূনং প্রতাম্যন্তমসংজ্ঞকল্পম্ ॥ বিবর্জ্জয়েৎ পাণ্ডুকিনং যশোর্থী তথাতিসারজ্বরপীড়িতঞ্চ ॥ ১৩ ॥ পাণ্ডুরোগী তু যোঽত্যর্থং পিত্তলানি নিষেবতে। তস্য পিত্তমসৃঙ্‌মাংসং দগ্ধ্বা রোগায় কল্পতে ॥ হারিদ্রনেত্রঃ স ভৃশং হারিদ্রত্বঙ্-

---

পাণ্ডুদন্তেত্যাদি। পাণ্ডুদন্তেত্যাদিশ্লোকেন পাণ্ডুসংঘাতদর্শীতি নয়নরশ্মিসহচরিতং বহির্নির্গতং পিত্তং সংপিণ্ডিতং পশ্যতি ॥ ১২ ॥

অপরমসাধ্যলক্ষণং অন্তেম্বিত্যাদি। অন্তেষু বাহুজঙ্ঘাশিরঃসু, পরিহীনমধ্যং দুর্ব্বলমধ্যদেহং, এতদ্বৈপরীত্যেনাপরমসাধ্যলক্ষণমাহ ম্লানমিত্যাদি। ম্লানং দুর্ব্বলম্। অসংজ্ঞকল্পং মৃতপ্রায়ং, এবংবিধং পাণ্ডুকিনং পাণ্ডুরোগিণং যশোর্থী বৈদ্যো বর্জ্জয়েদিতি। অত্র সৌশ্রুতশ্লোকে পাণ্ডুকিনমিত্যত্র পালকিনমিতি পাঠান্তরং যুক্তঞ্চৈতৎ, এবং হি পচ্যমানপাণ্ডুরোগাবস্থাবিশেষস্য পালকিনো লক্ষণমপি কৃতং স্যাৎ, উক্তং হি সুশ্রুতে "সকামলাপালকিপাণ্ডুরোগঃ কুম্ভাহ্বযো লাঘরকোঽলসাখ্যঃ" ইত্যনেনৈবাভিপ্রায়েণ কশ্চিদভিযুক্তো লিখিতবান্। "অন্তে শূনঃ কৃশো মধ্যেঽন্যথা চ গুদশেফসি। শূনো জ্বরাতিসারার্দ্দো মৃতকল্পস্তু পালকী" ইতি ॥ ১৩ ॥

পাণ্ডুরোগাবস্থায়াং কামলামাহ পাণ্ডুরোগীত্যাদি। দগ্ধ্বা সংদূষ্য, রোগায কামলারূপায়, ভেকবর্ণঃ প্রাবৃষেণ্যভেকবর্ণঃ। কোষ্ঠশাখাশ্রয়েতি একা কোষ্ঠাশ্রয়া, অপরা শাখাশ্রয়া, শাখা

পাণ্ডুরোগী যদি শ্বেতবর্ণ দ্বারা অতি লিপ্তাঙ্গবৎ প্রতীত ও দোষজ গ্লানিতে পরিপূর্ণ এবং বমি মূর্চ্ছা ও পিপাসায় কাতর হয়; তাহা হইলে তাহার মৃত্যু নিশ্চিত। কিংবা রক্তক্ষয় হেতু যাহার শরীর অতিশয় শুভ্রবর্ণ হয়, তাহারও জীবনাশা কম। অথবা যাহার দন্ত, নখ ও নেত্র পাণ্ডুবর্ণ এবং যে বাহ্যবস্তু সমস্তই পাণ্ডুবর্ণ দর্শন করে, তাহাকেও গতাসু জানিবে ॥ ১২ ॥ পাণ্ডুরোগির যদি হাত, পা ও মুখ শোথযুক্ত এবং মধ্যদেহ ক্ষীণ, এবং মধ্যভাগ শোথযুক্ত ও হস্তপদাদি ক্ষীণ হয়, তাহা হইলে সে রোগী ত্যাজ্য। কিংবা যাহার গুহ্যদেশে, লিঙ্গে ও অণ্ডকোষে শোথ এবং মূর্চ্ছা, সংজ্ঞালোপ অতিসার ও জ্বর উপস্থিত হয়, তাহাকে যশোলিপ্সু বৈদ্য ত্যাগ করিবেন ॥ ১৩ ॥ যে পাণ্ডুরোগী বাহুল্যরূপে পিত্তকর দ্রব্য সকল সেবন করে, তাহার কুপিত পিত্ত, রক্ত ও মাংসকে দূষিত করিয়া কামলারোগ অর্থাৎ ন্যাবা উৎপাদন করে। এই কামলারোগে রোগির নেত্র ত্বক্ নখ ও আনন অত্যন্ত হরিদ্রাবর্ণ, মলমূত্র পীত বা রক্তবর্ণ, শরীর বর্ষাকালের ভেকের ন্যায়

নখাননঃ। রক্তপীতশকৃন্মূত্রো ভেকবর্ণো হতেন্দ্রিয়ঃ। দাহাবিপাকদৌর্ব্বল্য সদনারুচিকর্ষিতঃ। কামলা বহুপিত্তৈষা কোষ্ঠশাখাশ্রয়া মতা॥ ১৪॥ কালান্তরাৎ খলীভূতা কৃচ্ছ্রা স্যাৎ কুম্ভকামলা॥ ১৫॥ কৃষ্ণপীতশকৃন্মূত্রো ভৃশং শূনশ্চ মানবঃ। সরক্তাক্ষিমুখচ্ছর্দ্দিবিণ্মূত্রো যশ্চ তাম্যতি॥ ১৬॥ দাহারুচিতৃড়ানাহতন্দ্রামোহসমন্বিতঃ। নষ্টাগ্নিসংজ্ঞঃ ক্ষিপ্রং হি কামলাবান্ বিপদ্যতে॥ ১৭॥ ছর্দ্দ্যরোচকহৃল্লাসজ্বরক্লমনিপীড়িতঃ। নশ্যতি শ্বাসকাসার্ত্তো বিড়্ভেদী কুম্ভকামলী॥ ১৮॥ যদা তু পাণ্ডোর্ব্বর্ণঃ স্যাদ্ধরিতঃ শ্যাবপীতকঃ। বলোৎসাহক্ষয়-

রক্তাদয়ো ধাতবঃ। স্বতন্ত্রাপি কামলা ভবতি যথা রাজযক্ষ্মা স্বতন্ত্রঃ উপেক্ষিতেষ্বপি কাসেষু ভবতীত্যাহুঃ॥ ১৪॥

তস্যা অবস্থান্তরং কুম্ভকামলামাহ, কালান্তরাদিত্যাদি খলীভূতেতি পূর্ব্ববদ্ব্যাখ্যেয়ং কৃচ্ছ্রা চ কৃচ্ছ্রসাধ্যা, কুম্ভঃ কোষ্ঠঃ অন্তঃশুষিরসাধর্ম্ম্যাৎ তদ্গতা কামলা কুম্ভকামলা, কোষ্ঠাশ্রয়েত্যর্থঃ॥ ১৫॥

কৃষ্ণেত্যাদিনা তাম্যতীত্যন্তেন একমসাধ্যলক্ষণম্। তাম্যতি মুহ্যতি॥ ১৬॥

দাহেত্যাদিনা বিপদ্যত ইত্যন্তেনাপরমসাধ্যলক্ষণমিতি জেজ্জড়ঃ॥ ১৭॥

কুম্ভকামালনোঽসাধ্যলক্ষণমাহ ছর্দ্দীত্যাদি॥ ১৮॥

পীতবর্ণ হয়। এবং ইন্দ্রিয়শক্তিলোপ, দাহ, অপরিপাক, দৌর্ব্বল্য, অবসাদ ও অরুচি হইয়া থাকে। সঞ্চিত বহুপিত্ত হইতে কামলার উৎপত্তি হয়। ইহা দুই প্রকার, এক প্রকার কোষ্ঠাশ্রয়া, অপর প্রকার রক্তাদি-ধাত্বাশ্রয়া॥ ১৪॥ কালক্রমে কামলারোগ বদ্ধমূল হইয়া কুম্ভকামলারূপে পরিণত হয়। ইহা অতি কষ্টসাধ্য॥ ১৫॥ কামলারোগে যদি অত্যন্ত শোথ ও মূর্চ্ছা এবং মুখ, নয়ন ও বমন রক্তবর্ণ; মল মূত্র, কৃষ্ণ পীত বা লোহিতবর্ণ হয়, কিংবা এই রোগে যদি দাহ, অরুচি, পিপাসা, আনাহ, তন্দ্রা, মূর্চ্ছা, অগ্নিমান্দ্য ও সংজ্ঞালোপ হয়, তাহা হইলে রোগীর মৃত্যু অতি নিকট জানিবে॥ ১৬ ১৭॥ কুম্ভকামলারোগে বমি, অরুচি, বমনবেগ, জ্বর, দোষজ-গ্লানি, শ্বাস, কাস ও মলভেদ এই সকল উপদ্রব উপস্থিত হইলে রোগির মৃত্যু হয়॥ ১৮॥ যখন পাণ্ডুরোগির বর্ণ হরিত শ্যাব বা পীত হয় এবং বল ও

স্তন্দ্রা মন্দাগ্নিত্বং মৃদুজ্বরঃ॥ স্ত্রীষ্বহর্ষোঽঙ্গমর্দ্দশ্চ দাহস্তৃষ্ণারুচিভ্রমঃ। হলী-মকং তদা তস্য বিদ্যাদনিলপিত্ততঃ॥ ১৯॥ (ক)

ইতি পাণ্ডুরোগাদিনিদানম্।

পাণ্ডুরোগাবস্থায়াং হলীমকমাহ যদেত্যাদি। লাঘবকালসকাদীনাং পাণ্ডুরোগাবস্থা-বিশেষাণাং লক্ষণং সুশ্রুতাদিষনুস্মর্ত্তব্যমিতি॥ ১৯॥

ইতি বৈদ্যমহামহোপাধ্যায়শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে
পাণ্ডুরোগাদিনিদানং সমাপ্তম্।

উৎসাহের হ্রাস, তন্দ্রা, অগ্নিমান্দ্য, মৃদুজ্বর, রতিক্রিয়ায় অনিচ্ছা, অঙ্গবেদনা, দাহ, তৃষ্ণা, অরুচি ও ভ্রম এই সকল উপদ্রব ঘটে, তখন পাণ্ডুরোগ হলীমক নামে অভিহিত হইয়া থাকে॥ ১৯॥

ইতি পাণ্ডু, কামলা, কুম্ভকামলা ও হলীমক নিদান সমাপ্ত।

(ক) মৃত্তিকাজন্য পাণ্ডুরোগকে ইংরাজীতে ক্লোরোসিস্ (Chlorosis), শ্লৈষ্মিক পাণ্ডু-রোগকে এনিমিয়া (Anæmia), পৈত্তিক পাণ্ডুরোগকে জণ্ডিস (Jaundice) এবং হলীমককে ম্যালিগন্যাণ্ট জণ্ডিস্ (Malignant Jaundice) কহে।

রক্তপিত্তনিদানম্।

ঘর্ম্মব্যায়ামশোকাধ্বব্যবায়ৈরতিসেবিতৈঃ। তীক্ষ্ণোষ্ণক্ষারলবণৈরম্লৈঃ কটুভিরেব চ। পিত্তং বিদগ্ধং স্বগুণৈর্ব্বিদহত্যাশু শোণিতম্। ততঃ প্রবর্ত্ততে রক্তমূর্দ্ধঞ্চাধো দ্বিধাপি বা। ঊর্দ্ধং নাসাক্ষিকর্ণাস্যৈর্মেঢ্রযোনিগুদৈরধঃ। কুপিতং রোমকূপৈশ্চ সমস্তৈস্তৎ প্রবর্ত্ততে ॥ ১ ॥ সদনং শীতকামিত্বং কণ্ঠধূমায়নং বমিঃ। লোহগন্ধিশ্চ নিশ্বাসো ভবত্যস্মিন্ ভবিষ্যতি ॥ ২ ॥ সান্দ্রং

পাণ্ডুরোগবদ্রক্তপিত্তস্যাপি পিত্তজন্যত্বাত্তদনন্তরং রক্তপিত্তমাহ ঘর্ম্মেত্যাদি। ঘর্ম্ম আতপঃ, তীক্ষ্ণং তীক্ষ্ণবীর্য্যং মরিচাদি। উষ্ণোঽগ্নিতাপঃ। ক্ষারো যবক্ষারাদিঃ। ঘণ্টাপাটল্যাদিকৃতশ্চ, বিদগ্ধং কুপিতং স্বগুণৈরিতি, পিত্তং তীক্ষ্ণদ্রবপূতীত্যাদিভির্বিদহতি কোপয়তি স্বগুণৈরেব। বিদাহশ্চাস্য রক্তস্য পিত্তবদিত্যুক্তেঃ। ততঃ প্রবর্ত্ততে নিঃসরতি, পিত্তং রক্তঞ্চ ধাতুরূপং নতু কেবলং রক্তং রক্তপিত্তমিতি ব্যপদেশানুপপত্তেঃ। অথ পিত্তেন দুষ্টং রক্তং রক্তপিত্তমিত্যুচ্যতে? তদা পিত্তরক্তমিতি ব্যপদেশঃ স্যাৎ, এতেন রক্তঞ্চ পিত্তঞ্চেতি দ্বন্দ্বসমাসান্নিরুক্তিরুক্তা সুশ্রুতেন। নন্বু চরকে রাগপবিপ্রাপ্তং পিত্তং রক্তপিত্তমিত্যুক্তং তেন রক্তঞ্চ তৎ পিত্তঞ্চেতি কর্ম্মধারয়সমাসেন নিরুক্তিরুক্তা। অত্র চ কারণত্রয়মুক্তং যদাহ "সংযোগাদ্দূষণাত্তত্তু, সামান্যাদ্গন্ধবর্ণয়োঃ। রক্তস্য পিত্তমাখ্যাতং রক্তপিত্তং মনীষিভিঃ" ইতি, তৎ কথং ন বিরোধঃ? নৈবমত্রাপি রক্তপ্রবৃত্তের্দুষ্টং হি রক্তং পিত্তে রাগমাদধত্তৎসংসর্গি রক্তং স্বয়মপি প্রবর্ত্ততে ইতি পূর্ব্বক এবার্থঃ। তেন রক্তঞ্চ পিত্তঞ্চেতি রক্তপিত্তং রক্তঞ্চ তৎ পিত্তঞ্চেত্যুভয়থা নিরুক্তাবদোষঃ ॥ ১ ॥

কণ্ঠধূমায়নং কণ্ঠাদ্ধূমনির্গম ইব প্রতীতিঃ ॥ ২ ॥

রৌদ্র, ব্যায়াম, শোক, পথপর্য্যটন, স্ত্রীসংসর্গ, মরিচাদি তীক্ষ্ণবীর্য্য দ্রব্য, অগ্নিতাপ, ক্ষার, লবণ, অম্ল ও কটুদ্রব্য এই সমস্ত দ্রব্যের অতিসেবনে পিত্ত কুপিত হইয়া, তীক্ষ্ণ দ্রব পূতিত্ব প্রভৃতি স্বকীয় গুণ দ্বারা রক্তকে সত্বর দূষিত করিয়া থাকে। তদনন্তর সেই পিত্তদূষিত-রক্ত, চক্ষু, কর্ণ, নাসিকা ও মুখরূপ ঊর্দ্ধমার্গ দিয়া, অথবা লিঙ্গ, যোনি ও গুহ্যরূপ অধোমার্গ দ্বারা কিংবা ঊর্দ্ধাধঃ উভয়মার্গ দ্বারাই বহির্গত হইয়া থাকে এবং অত্যন্ত কুপিত হইলে সমস্ত লোমকূপ দিয়াও নির্গত হয় ॥ ১ ॥ রক্তপিত্তরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে অবসন্নতা, শৈত্যাভিলাষ, কণ্ঠ হইতে ধূমনির্গমবৎ প্রতীতি, বমি ও লোহগন্ধি-নিশ্বাস, এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ২ ॥ রক্তপিত্ত কফান্বিত হইলে

সপাণ্ডু সস্নেহং পিচ্ছিলঞ্চ কফান্বিতম্‌। শ্যাবারুণং সফেনঞ্চ তনু রুক্ষঞ্চ বাতিকম্‌॥ রক্তপিত্তং কষায়াভং কৃষ্ণং গোমূত্রসন্নিভম্‌। মেচকাগারধূমাভমঞ্জনাভঞ্চ পৈত্তিকম্‌॥ সংসৃষ্টলিঙ্গং সংসর্গাত্রিলিঙ্গং সান্নিপাতিকম্‌॥ ৩॥ ঊর্দ্ধগং কফসংসৃষ্টমধোগং পবনানুগম্‌। দ্বিমার্গং কফবাতাভ্যামুভাভ্যামনুবর্ত্ততে॥ ৪॥ ঊর্দ্ধং সাধ্যমধো যাপ্যমসাধ্যং যুগপদ্গতম্‌॥ ৫॥ একমার্গং বল-

সান্দ্রং ঘনং, সপাণ্ড সস্নেহমিতি ঈষৎপাণ্ডুস্নেহং. তনু অঘনং, কষাযাভং বটপটোলাদিক্বাথবর্ণং, মেচকাগারধূমাভমিতি মেচকাগারধূমানামিবাভা যস্য তৎ তথা মেচকাভং আগারধূমাভঞ্চ। মসৃণীকৃতকৃষ্ণবর্ণস্যেব বর্ণো মেচক ইতি জেজ্জড়াদয়ঃ প্রাহুঃ। চিক্কণকৃষ্ণ ইত্যর্থঃ। অঞ্জনাভং সৌবীরাঞ্জনবর্ণং। ননু সর্ব্বমেব রক্তপিত্তং দুষ্টেন পিত্তেন আরভ্যতে তৎকথং পৈত্তিকং রক্তপিত্তমিত্যুচ্যতে? সত্যং, কিন্তু যদা স্বস্থানস্থং পিত্তং রক্তপিত্তারম্ভকং স্থানান্তরাবস্থিতেন পিত্তেন সংগৃহ্যতে কিংবা যদা দোষান্তরাসংশ্লিষ্টং কেবলং পিত্তমারম্ভকং তদা পৈত্তিকমিতি ব্যপদেশ ইতি॥ ৩॥

ননু কেবলং পৈত্তিকং ন সম্ভবত্যেব যদ্বক্ষ্যতি ঊর্দ্ধগং কফসংসৃষ্টং অধোগং পবনানুগমিতি ন চ তস্য নির্দ্দিষ্টো মার্গঃ। উচ্যতে, যদা স্বকারণোদ্ভূতেন কফেন বাতেন বা স্বলক্ষণকারিণা সংসৃষ্টং ভবতি, তদা শ্লৈষ্মিকাদিব্যপদেশো ন তু মার্গসম্বন্ধানুগতেন কফবাতসম্বন্ধেন। ঊর্দ্ধগং হি মার্গসম্বন্ধমহিম্নাবশ্যং কফেন, অধোগঞ্চাবশ্যং বাতেন অনুবধ্যতে, নচ তত্র কফবাতৌ স্বলক্ষণং কুরুতঃ, যথা শরদি জ্বরকং পিত্তং কালমহিম্নানুগতেন কফেনানুবধ্যতে তথাপি পৈত্তিক এবাসৌ প্রাকৃতো জ্বরঃ। যদুক্তং "কুর্য্যাৎ পিত্তঞ্চ শরদি তস্য চানুবলঃ কফঃ" ইতি। তেন যদা একদোষলিঙ্গযুক্তং ভবতি তদা একদোষানুগং এবং দ্বিদোষলিঙ্গং এবং ত্রিদোষলিঙ্গঞ্চ ভবতি। তেনোর্দ্ধগমধোগঞ্চৈকদ্বিত্রিলিঙ্গং ভবতি। এতেন পৈত্তিকস্য মার্গো ন দর্শিত ইতি যদুক্তং তন্নিরস্তমিতি॥ ৪॥

ঊর্দ্ধং সাধ্যমিতি ঊর্দ্ধগস্য কফপিত্তসংশ্লিষ্টত্বেন কষায়তিক্তৌ রসৌ কফপিত্তহরৌ যোগ্যৌ পিত্তহরণপ্রধানং বিরেচনঞ্চ যোগ্যম্‌। অধোগে তু এক এব মধুরো বাতপিত্তপ্রশমনো বমনঞ্চ

ঘন, ঈষৎ পাণ্ডুবর্ণ, অল্প স্নিগ্ধ ও পিচ্ছিল রক্ত, বাতোল্বণ হইলে, শ্যাব বা অরুণবর্ণ, ফেনযুক্ত, পাতলা ও রুক্ষ রক্ত এবং পিত্তোল্বণ হইলে কষায়াভ অর্থাৎ বটপটোলাদির ক্বাথবৎ বর্ণ, কৃষ্ণবর্ণ, গোমূত্রাভ, চিক্কণকৃষ্ণ বা আগার ধূমবৎ অর্থাৎ ঝুল বর্ণ অথবা সৌবীরাঞ্জন সদৃশ বর্ণবিশিষ্ট রক্ত নির্গত হয়। শ্লেষ্মাদিদোষভেদে রক্তপিত্তের যে পৃথক্ পৃথক্ লক্ষণ কথিত হইল, তাহাদের দুই প্রকারের লক্ষণ একত্র সংঘটিত হইলে দ্বন্দ্বজ এবং তিন প্রকারেরই লক্ষণ মিলিত হইলে সান্নিপাতিক রক্তপিত্ত বলিয়া জানিবে।॥ ৩॥ কফসংসৃষ্ট রক্তপিত্ত ঊর্দ্ধমার্গগামী ও বাতানুগ রক্তপিত্ত অধোমার্গনিঃসারী এবং বাতশ্লেষ্মসংসৃষ্ট রক্তপিত্ত ঊর্দ্ধাধঃ উভয়মার্গগামী হইয়া থাকে॥ ৪॥ ঊর্দ্ধগ রক্তপিত্ত

বতো নাতিবেগং নবোত্থিতম্। রক্তপিত্তং সুখে কালে সাধ্যং স্যান্নিরুপদ্রবম্॥ একদোষানুগং সাধ্যং দ্বিদোষং যাপ্যমুচ্যতে। যত্ত্রিদোষমসাধ্যং স্যান্মন্দাগ্নেরতিবেগবৎ। ব্যাদিভিঃ ক্ষীণদেহস্য বৃদ্ধস্যানশ্নতশ্চ যৎ ॥ ৬ ॥ দৌর্ব্বল্য-শ্বাসকাসজ্বরবমথুমদাঃ পাণ্ডুতা দাহমূর্চ্ছাঃ ভুক্তে ঘোরো বিদাহস্ত্বধৃতিরপি সদা হৃদ্যতুল্যা চ পীড়া। তৃষ্ণা কোষ্ঠস্য ভেদঃ শিরসি চ তপনং পূতিনিষ্ঠীবনত্বম্। ভক্তদ্বেষাবিপাকৌ বিকৃতিরপি ভবেৎ রক্তপিত্তোপসর্গাঃ ॥ ৭ ॥ মাংসপ্রক্ষা-

---

প্রতিমার্গত্বেন বেগমাত্রবিরোধি ন তু পিত্তহরণং। উভয়মার্গঞ্চ বিরুদ্ধোপক্রমত্বাদেবাসাধ্যং যদুক্তং চরকে "সাধ্যং লোহিতপিত্তং তদ্যদূর্দ্ধং প্রতিপদ্যতে। বিরেচনস্য যোগ্যত্বাদ্বহুত্বাদ্ ভেষজস্য চ। বিরেচনং হি পিত্তস্য জয়ায় পরমৌষধং" ইত্যাদি ॥ ৫ ॥

সাধ্যত্বহেতুমাহ একমার্গমিত্যাদি। একমার্গমত্রোর্দ্ধগমভিপ্রেতং অধোগস্য যাপ্যত্বাৎ। নবোত্থিতমচিরজং, সুখে কালে হেমন্তশিশিরযোঃ, নিরুপদ্রবং বক্ষ্যমাণদৌর্ব্বল্যাদ্যুপদ্রব-রহিতং। একদোষানুগং সাধ্যমিত্যাদি। মার্গভেদদোষভেদাভ্যাং সাধ্যত্বাসাধ্যত্ববিবোধে অর্শস্যভিহিত দোষভেদবলিভেদাভ্যাং সাধ্যত্বাসাধ্যত্ববদ্ব্যাখ্যেয়ং। মন্দাগ্নেস্তথা ব্যাধিভিঃ ক্ষীণদেহস্য যদতিবেগবৎ তদসাধ্যং, অনশ্নতঃ অরুচ্যাদিনা অন্নাভাবাদ্বা ॥ ৬ ॥

উপদ্রবানাহ দৌর্ব্বল্যেত্যাদি। দৌর্ব্বল্যং শক্ত্যপচয়যোবভাব ইতি গয়দাসঃ। ভুক্তে ঘোরো বিদাহ ইতি ষষ্ঠ্যর্থে সপ্তমীতি কার্ত্তিকঃ। হৃদ্যতুল্যেতি হৃদি অতুল্যা অসদৃশী পীড়া, কোষ্ঠস্য ভেদঃ, কোষ্ঠমলস্য ভেদঃ, তপনং তাপঃ, প্রবিততশিরস ইতি পাঠান্তরে প্রবিততং বিস্তীর্যমানমিব, প্রবিততা বেদনা শিরসি যস্য স তথেতি কার্ত্তিকঃ। প্রবিততশিরতেতি পাঠান্তরে শিরাব্যাপ্তগাত্রতা। অবিপাক আহারস্য। বিকৃতিরপি ভবেদ্রক্তপিত্তোপসর্গা ইত্যেতে রক্তপিত্তস্য উপসর্গা উপদ্রবাঃ। তথা বিকৃতিরপি ভবেদিতি যোজ্যং; সা চ বক্ষ্যমাণা মাংসপ্রক্ষালনতোয়াদিরূপা। রক্তপিত্তোপসর্গাদিতি পাঠান্তরং সুগমম্ ॥ ৭ ॥

সাধ্য, অধোগ যাপ্য এবং ঊর্দ্ধাধঃ উভয়মার্গ প্রবৃত্ত রক্তপিত্ত অসাধ্য ॥ ৫ ॥ রোগির যদি বল থাকে এবং রক্তপিত্তরোগ যদি অচিরজাত, অল্পবেগসম্পন্ন নিরুপদ্রব ও কেবল ঊর্দ্ধমার্গ নিঃসারী হয় এবং কালও যদি উপযুক্ত অর্থাৎ হেমন্ত বা শিশির ঋতু হয়, তাহা হইলে, সেই রক্তপিত্ত চিকিৎসিত হইলে সাধ্য হইবে। একদোষজাত রক্তপিত্ত সাধ্য, দ্বিদোষজ যাপ্য ও ত্রিদোষজাত অসাধ্য। মন্দাগ্নিপীড়িত, নানা ব্যাধি দ্বারা ক্ষীণদেহ, বৃদ্ধ বা আহারশক্তি-হীন রোগির অতি বেগবান্ রক্তপিত্ত দুর্নিবার্য্য ॥ ৬ ॥ দৌর্ব্বল্য, শ্বাস, কাস, জ্বর, বমি, মত্ততা, পাণ্ডুতা, দাহ, মূর্চ্ছা, ভুক্তান্নের বিদাহ, সতত অধৈর্য্য, হৃদয়ে অত্যন্ত পীড়া, তৃষ্ণা, মলভেদ, মস্তকে তাপ, দুর্গন্ধনিষ্ঠীবন, আহারে দ্বেষ ও আহারাপাক এইগুলি এবং পরশ্লোকোক্ত মাংসপ্রক্ষালন জলসদৃশ

লনাভং কথিতমিব চ যৎ কর্দ্দমাম্ভোনিভং বা মেদঃপূয়াস্রকল্পং যকৃদিব যদি বা পক্বজম্বূফলাভম্‌। যৎ কৃষ্ণং যচ্চ নীলং ভৃশমতিকুণপং যত্র চোক্তা বিকারা-স্তদ্বর্জ্জ্যং রক্তপিত্তং সুরপতিধনুষা যচ্চ তুল্যং বিভাতি॥ ৮॥ যেন চোপহতো রক্তং রক্তপিত্তেন মানবঃ। পশ্যেদ্দৃশ্যং বিয়চ্চাপি তচ্চাসাধ্যমসংশয়ম্‌॥ লোহিতং ছর্দ্দয়েদ্‌যস্তু বহুশো লোহিতেক্ষণঃ। লোহিতোদ্গারদর্শী চ ম্রিয়তে রক্তপৈত্তিকঃ॥ ৯॥ ইতি রক্তপিত্ত নিদানম্‌।

কথিতমিব পূতিতাং গতমিব, কর্দ্দমাবিলমিবাম্ভঃ, কর্দ্দমাম্ভঃ, তথা মেদঃপূয়াস্রকল্পমিতি কল্পশব্দো মেদঃপ্রভৃতিভিস্ত্রিভিঃ সম্বধ্যতে ইতি গয়দাসঃ। যকৃদিব যকৃৎখণ্ডমিব, পক্বজম্বূ-ফলাভং স্নিগ্ধকৃষ্ণং, কৃষ্ণমঞ্জনাভং, নীলঞ্চাসপক্ষপ্রতিমম্‌। নন্ু পৈত্তিকে কৃষ্ণং পঠিতং ন চ তদসাধ্যং, নৈবং অতিশব্দেনাত্র বিশেষিতত্বাৎ তেন তত্র মনাক্‌ কৃষ্ণত্বং বোধ্যমিতি জেজ্জড়ঃ, অথবা জম্বূফলাভং যৎ তৎ কৃষ্ণমিতি যোজ্যম্‌। উক্তা বিকারাঃ শ্বাসকাসাদয়ঃ, সুরপতিধনুষা তুল্যং নানাবর্ণম্‌॥ ৮॥

যেনেত্যাদি। যেন রক্তপিত্তেনেতি যোজ্যম্‌। পশ্যেদ্দৃশ্যং বিয়চ্চাপ্যদৃশ্যমপি বিরদ্দৃশ্যমিতি পশ্যতীতি যোজ্যং, রক্তপিত্তোপহতনেত্রত্বাদিতি। অথবা দৃশ্যং ঘটপটাদি, বিয়চ্চ রক্তং পশ্যতীতি। বহুশশ্ছর্দ্দয়েদিতি সম্বন্ধঃ। লোহিতোদ্গারদর্শীতি লোহিতোদ্গারো লোহিতদর্শী চ উদ্গারোঽপি লোহিতঃ প্রবর্ত্তত ইত্যর্থঃ। লোহিতমুদ্গারং পশ্যতীতি লোহিতোদ্গার-দর্শীতি॥ ৯॥

ইতি বৈদ্যমহামহোপাধ্যায়শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে রক্তপিত্ত-নিদানং সমাপ্তম্‌।

বর্ণাদি যাবতীয় রক্তবিকৃতি, রক্তপিত্তরোগের উপসর্গ॥ ৭॥ রক্তপিত্তরোগে রক্ত যদি মাংসপ্রক্ষালন জলসদৃশ বা অতি পচা দুর্গন্ধযুক্ত কিংবা কর্দ্দমাক্ত জলবৎ অথবা মেদঃ পূয় ও রক্ততুল্য বা যকৃৎখণ্ড সদৃশ কিংবা পাকা জামের ন্যায় স্নিগ্ধ কৃষ্ণবর্ণ অথবা কৃষ্ণ নীল বা ইন্দ্রধনুর ন্যায় নানাবর্ণবিশিষ্ট ও শবদুর্গন্ধি হয় কিংবা যদি দৌর্ব্বল্য শ্বাসকাসাদি উপরি শ্লোকোক্ত উপদ্রব সমূহ ঘটে, তাহা হইলে রোগ অসাধ্য জানিবে॥ ৮॥ যে রক্তপিত্ত রোগাক্রান্ত ব্যক্তি, ঘট পটাদি দৃশ্য পদার্থকে এবং আকাশকে রক্তবর্ণ দর্শন করে, তাহার রোগ অসাধ্য। অথবা যে বারংবার রক্ত বমন করে, কিংবা আপনি উদ্গার লালবর্ণ দেখে বা যাহার চক্ষু রক্তবর্ণ হয়, তাহার মৃত্যু অবশ্যম্ভাবী॥ ৯॥ (ক)

রক্তপিত্তনিদান সমাপ্ত।

(ক) ইংরাজীতে রক্তপিত্তকে Hemorrhage (হিমরেজ) কহে।

রাজযক্ষ্মক্ষতক্ষীণনিদানম্।

বেগরোধাৎ ক্ষয়াচ্চৈব সাহসাদ্বিষমাশনাৎ। ত্রিদোষো জায়তে যক্ষ্মা গদো হেতুচতুষ্টয়াৎ ॥ ১ ॥ কফপ্রধানৈর্দোষৈস্তু রুদ্ধেষু রসবর্ত্মসু। অতিব্যবায়িনো

রাজযক্ষ্মরূপেষু পিত্তাদ্রক্তস্য চাগম ইতি বচনাদ্ রক্তপিত্তানন্তরং যক্ষ্মনিদানম্। চিকিৎসোপযোগিবিপ্রকৃষ্টং কারণচতুর্ব্বিধমাহ বেগরোধাদিত্যাদি। বেগোঽত্র বাতমূত্রপুরীষাণাং নতু বেগবিধারণীয়োক্তানাং জৃম্ভাদীনাং সর্ব্বেষাং; যদুক্তং চরকে—"হ্রীমত্বাদ্বা ঘৃণিত্বাদ্বা ভয়াদ্বা বেগমাগতম্। বাতমূত্রপুরীষাণাং নিগৃহ্লাতি যদা নরঃ" ইত্যাদি। ক্ষয়াদিতি ক্ষীয়তে অনেনেতি ক্ষয়ঃ, তেনাতিব্যবায়ানশনের্ষোপবাসাদযো ধাতুক্ষয়হেতবো গৃহ্যন্তে। সাহসাদিতি সাহসো বলবদ্বিগ্রহাদিরুরঃক্ষতহেতুত্বেন কারণম্। বিষমাশনাদিতি সুশ্রুতোক্তদ্বাদশাশনপ্রবিচারব্যতিরেকেণোপযোগঃ, তস্য শীঘ্রং স্রোতোরোধকত্বাৎ, উক্তং হি চরকে—"বিবিধান্যন্নপানানি বৈষম্যেণ সমশ্নতাং। জনয়ন্ত্যাময়ান্ ঘোরান্ বিষমা মারুতাদযঃ। রুদ্ধা স্রোতাংসি ধাতূনাং বৈষম্যাদ্বিষমং গতাঃ। দোষা রোগায় কল্পন্তে পুষ্যন্তি ন চ ধাতবঃ" ইতি। ত্রিদোষ ইতি মিলিতত্রিদোষজ এক এব নতু কারণভেদাদনেকঃ, যদাহ সুশ্রুতঃ—"এক এব মতঃ শোষঃ সন্নিপাতাত্মকো হ্যতঃ। উদ্রেকাত্তত্র লিঙ্গানি দোষাণাং নিপতন্তি হি" ইতি। নমু বেগরোধাদয়ো বাতং প্রকোপয়ন্তি তজ্জনিতো যক্ষ্মা কথং ত্রিদোষজ ইতি চেৎ? উচ্যতে, বাতপ্রকোপাদেবাগ্নিদুষ্ট্যা কফপিত্তয়োরপি প্রকোপ ইত্যাহুঃ। হেতুচতুষ্টয়াদিত্যনেনাসংখ্যেয়া অপি বেগরোধাদিহেতব উক্তচতুষ্টয়েঽন্তর্ভবন্তীতি দর্শয়তি। শোষাদিনা নাশব্দবাচ্যত্বেন চাস্য সুশ্রুতোঽন্বয়মকার্ষীৎ যথা "সংশোষণাদ্রসাদীনাং শোষ ইত্যভিধীয়তে। ক্রিয়াক্ষয়করত্বাচ্চ ক্ষয় ইত্যুচ্যতে পুনঃ। রাজ্ঞশ্চন্দ্রমসো যস্মাদভূদেষ কিলাময়ঃ। তস্মাত্তং রাজযক্ষ্মেতি কেচিদাহুর্মনীষিণঃ" ইতি। বাভটে তু যক্ষ্মণাং রাজা রাজযক্ষ্মেত্যুক্তং। রাজদন্তাদিষু পরমিতি উপসর্জ্জনস্য যক্ষ্মশব্দস্য পরনিপাতঃ ॥ ১ ॥

ন কেবলং ধাতুক্ষযমাত্রাদেব যক্ষ্মা অপি কিং তর্হি রসাদিবহস্রোতোনিবহনিরোধাদিভিরপীতি দর্শয়িতুং বিশিষ্টাং সংপ্রাপ্তিমাহ কফেত্যাদি। যদা ত্বেবং ন স্যাৎ তদা ধাতুক্ষয় এব রোগো ন তু যক্ষ্মা। কফঃ প্রধানং যেষাং অনিলাদীনাং দোষাণাং তে তথা। নমু দোষৈরিত্যনেন দোষত্রয়মুচ্যতে কফস্য বিশেষণত্বেনোপাত্তত্বাৎ, কথং তস্যৈবান্যপদার্থবাচ্যতা?

বায়ু মূত্র ও পুরীষের বেগধারণ, মৈথুন ও উপবাসাদি ধাতুক্ষয়কারক কর্ম্ম, বলবান্ ব্যক্তির সহিত মল্লযুদ্ধাদি মহাসাহসের কার্য্য ও বিষমাশন অর্থাৎ অল্প অধিক বা অকালে ভোজন, এই চারি প্রকার হেতু হইতে যক্ষ্মারোগের উৎপত্তি হইয়া থাকে। ইহা সান্নিপাতিক ব্যাধি। তন্ত্রান্তরে যক্ষ্মারোগের বহুসংখ্যক হেতু উক্ত আছে, কিন্তু তৎসমুদায়ই এই কারণচতুষ্টয়ের অন্তর্ভূত ॥ ১ ॥ কফপ্রধান বাতাদি দোষত্রয় দ্বারা রসবাহিনী নাড়ীসকল রুদ্ধ হইলে রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা ও শুক্র প্রভৃতি ধাতু ক্ষীণ হইতে থাকে।

বাপি ক্ষীণে রেতস্যনন্তরাঃ। ক্ষীয়ন্তে ধাতবঃ সর্ব্বে ততঃ শুষ্যতি মানবঃ॥ ২॥ শ্বাসাঙ্গমর্দ্দকফসংস্রবতালুশোষবম্যগ্নিসাদমদপীনসকাসনিদ্রাঃ। শোষে ভবিষ্যতি ভবন্তি স চাপি জন্তুঃ শুক্লেক্ষণো ভবতি মাংসপরো রিরংসুঃ॥ গৃধ্রা-

---

উচ্যতে, স্বাবয়বেন বিগ্রহঃ সমুদায়ঃ সমাসার্থঃ, যথা বহুবৃক্ষং বনমিতি সমাধানং বিস্তরস্তু সুশ্রুতে জেজ্জড়ে দ্রষ্টব্যঃ। কফপ্রধানতা চ বেগরোধাদিকুপিতবাতবিপ্লুতাগ্নিমান্দ্যাদিনা বোদ্ধব্যা। রসবর্ত্মসু রসবহধমনীষু, অত্রাদিশব্দো দ্রষ্টব্যঃ। তেন রক্তাদিবহস্রোতোরোধোঽপি বোধ্যঃ। অথবা রসকারণতয়া রক্তাদীনাং রসদুষ্টৈব রক্তাদিদুষ্টিরিতি কার্ত্তিকঃ, ইদমত্র সূচিতং, যন্মার্গবোধাৎ হৃদয়স্থো রসঃ তত্রৈবাবস্থিতো বিকৃতো মুখেন নিঃসরতি; যদাহ চরকঃ—"রসঃ স্রোতঃসু রুদ্ধেষু স্বস্থানস্থো বিদহ্যতে। স ঊর্দ্ধং কাসবেগেন বহুরূপঃ প্রবর্ত্ততে" ইতি। এতেনানুলোমক্ষয়ো দর্শিতঃ, কারণভূতরসধাতুক্ষয়ে সতি রক্তাদীনাং রসকার্য্যাণাং পোষকাভাবেন ক্ষীয়মাণত্বাৎ। প্রতিলোমক্ষয়ং দর্শয়িতুমাহ অতিব্যবায়িনো বেত্যাদি। ক্ষীণে রেতসি সতি অনন্তরাঃ সমীপগা ধাতবঃ ক্ষীযন্তে, তদ্যথা শুক্রে ক্ষীণে মজ্জা ক্ষীয়তে, মজ্জনি ক্ষীণেঽস্থি এবং পূর্ব্বং পূর্ব্বং। ননু কার্য্যভূতস্য শুক্রস্য ক্ষয়াৎ কথং কারণভূতানাং ধাতুনাং ক্ষয় ইতি চেৎ? উচ্যতে, শুক্রক্ষয়াদায়ুঃ প্রকুপ্যতি, যদুক্তং "বায়োধাতুক্ষযাৎ কোপো মার্গস্যাবরণেনচ" ইতি। স বায়ুঃ সান্নিধ্যাৎ মজ্জানং শোষয়তীতি, এবং পূর্ব্বপূর্ব্বধাতূন্, দৃষ্টঞ্চ প্রত্যাসত্ত্যাপি কার্য্যজননং, যথা,—অগ্নিসন্তপ্তায়োগোলকসন্নিধানাদার্দ্র-ভূভাগস্যাপি শোষস্তথাচ রসসঞ্চারপক্ষে সুশ্রুতবচনং "পূর্ব্বঃ পূর্ব্বোঽতিবৃদ্ধত্বাদ্বর্দ্ধয়েদ্ধি পরং পরং। তস্মাদতি প্রবৃদ্ধানাং ধাতুনাং হ্রাসনং হিতং" ইতি॥ ২॥

পূর্ব্বরূপমাহ শ্বাসেত্যাদি। সংস্রবঃ ষ্ঠীবনং, পীনসঃ প্রতিশ্যায়ঃ, মাংসপরো মাংসভক্ষণেচ্ছুঃ, রিরংসুঃ স্ত্রিয়ং রন্তুমিচ্ছুঃ; এতচ্চ ব্যাধিমহিম্না মনোদোষাৎ, তথা স্বপ্নেষু কাকাদিবাহনঞ্চ

কারণ রসই সকল ধাতুর পোষক, সেই রসের গতি রুদ্ধ হওয়াতে পোষণাভাবে কোন ধাতু পুষ্ট হইতে না পারিয়া ক্ষয়প্রাপ্ত হয়। এইরূপ ক্ষয়কে অনুলোম ক্ষয় কহে। আর অতি মৈথুন দ্বারা শুক্রধাতু ক্ষীণ হইলেও পূর্ব্ব পূর্ব্ব ধাতুগুলি ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হইতে থাকে। অর্থাৎ শুক্রক্ষয় হইলে বায়ু প্রকোপহেতু তৎপূর্ব্ব ধাতু মজ্জা ক্ষয় এবং মজ্জাক্ষয়ে, বায়ুর অতি প্রকোপ হেতু তৎপূর্ব্ব ধাতু অস্থি ক্ষয় প্রাপ্ত হয়, এইরূপে বিলোমভাবে মেদঃ, মাংস, রক্ত ও রসধাতুর ক্ষয় হইয়া থাকে। এই প্রকার ক্ষয়কে বিলোম ক্ষয় কহে। ধাতুক্ষয় হওয়াতে মনুষ্যও শুষ্ক হইতে থাকে॥ ২॥ রাজযক্ষ্মা উৎপন্ন হইবার পূর্ব্বে শ্বাস, অঙ্গবেদনা, কফস্রাব, তালুশোষ, বমি, অগ্নিমান্দ্য, মত্ততা, পীনস অর্থাৎ নাসারোগ কাস ও নিদ্রাধিক্য এই সকল লক্ষণ উপস্থিত হয় যক্ষ্মারোগাক্রান্ত ব্যক্তি শুক্লনেত্র মাংসপ্রিয় ও মৈথুনেচ্ছু হইয়া থাকে।

শুষ্কৈব কপয়ঃ কৃকলাসকাশ্চ। তং বাহয়ন্তি স নদীর্বিজলাশ্চ পশ্যেচ্ছুষ্কাং-স্তরূন্ পবনধূমদবার্দ্দিতাংশ্চ ॥ ৩ ॥ অংসপার্শ্বাভিতাপশ্চ সন্তাপঃ করপাদয়োঃ। জ্বরঃ সর্ব্বাঙ্গগশ্চেতি লক্ষণং রাজযক্ষ্মণঃ ॥ ৪ ॥ স্বরভেদোঽনিলাচ্ছূলং সঙ্কোচ-শ্চাংসপার্শ্বয়োঃ। জ্বরো দাহোঽতিসারশ্চ পিত্তাদ্রক্তস্য চাগমঃ ॥ শিরসঃ পরিপূর্ণত্বমভক্তচ্ছন্দ এব চ। কাসঃ কণ্ঠস্য চোদ্ধ্বংসো বিজ্ঞেয়ঃ কফকোপতঃ ॥ ৫ ॥

পূর্ব্বরূপমেব। শল্লকী [শজারু] ইতি খ্যাতঃ, নীলকণ্ঠো ময়ূরঃ, বিজলা নির্জ্জলাঃ, দবো বনাগ্নিঃ, অর্দ্দিতান্ অভিভূতান্, চকারাৎ তৃণকেশনিপাতাদয়ো দ্রষ্টব্যাঃ। যদুক্তং চরকে—"পূর্ব্বরূপং প্রতিশ্যায়ো দৌঃশীল্যং দোষদর্শনং। অদোষেষ্বপি ভাবেষু কায়ে বীভৎসদর্শনং। ঘৃণিত্বমশ্নতশ্চাপি বলমাংসপরিক্ষয়ঃ। স্ত্রীমদ্যমাংসপ্রিয়তা প্রিয়তা চাবগুণ্ঠনে। যক্ষ্মিণাং ঘুণকেশানাং তৃণানাং পতনানি চ। প্রায়োঽন্নপানে কেশানাং নখানাং চাতিবর্দ্ধনং। পতত্রিভিঃ পতঙ্গৈশ্চ শ্বাপদৈশ্চাভিধর্ষণং" ইতি। অত্র শ্বাপদাঃ ব্যাঘ্রাদয়ঃ ॥ ৩ ॥

অংসেত্যাদিনা ত্রিরূপসম্পন্নমাহ। অংসপার্শ্বয়োরভিতাপঃ পীড়া, অংসো ভুজস্যোপরিভাগঃ, অভিতাপত্বেন একং রূপং এবং সন্তাপেঽপি বাচ্যম্। করপাদয়োরিত্যত্র প্রাণ্যঙ্গত্বাদেকবদ্ভাবং মন্যমানাঃ কাশ্মীরাস্তাপঃ পাদকরস্য চেতি পঠন্তি, করপাদিক ইতি চ পাঠান্তরং; এতৎ ত্রয়ং প্রায়োভাবিত্বেন চরকেণোক্তং, তেনৈকাদশরূপেষু মধ্যে অন্যদপি ত্রয়ং বোধ্যং, তথা চ ভোজঃ 'কাসো জ্বরো রক্তপিত্তং ত্রিরূপং রাজযক্ষ্মণি" ইতি। অন্যে ত্বাহুঃ রাজযক্ষ্মণো যো জ্বরঃ তস্যৈতল্লক্ষণমিতি, জেজ্জড়স্তু ত্রিরূপসম্পত্তিমেব ব্যাখ্যাতবান্ ॥ ৪ ॥

যক্ষ্মণস্ত্রৈদোষিকত্বৈকাদশরূপাণি বিভজ্য ব্যাধিপ্রভাবাজ্জায়ন্তে ন তু সন্নিপাতজ্বরলিঙ্গবৎ সর্ব্বদোষৈঃ সর্ব্বাণীত্যাহ। স্বরভেদোঽনিলাদিত্যাদি। শূলং অংসপার্শ্বয়োরেব সংকোচ এক এব গণনীয়ঃ, অভক্তচ্ছন্দো ভক্তারুচিঃ, উদ্ধ্বংসঃ কণ্ঠভেদঃ। উৎকাসিকেতি কার্ত্তিকঃ ॥ ৫ ॥

আর সে এইরূপ স্বপ্ন দেখে, যেন কাক, শুক, শল্লকী অর্থাৎ সজারু, ময়ূর, গৃধ্র অর্থাৎ শকুনি, বানর ও কাঁকলাস ইহারা তাহাকে বহন করিয়া লইয়া যাইতেছে এবং নদী সকল যেন জলশূন্য হইয়াছে, বৃক্ষগণ শুষ্ক ও ঝটিকা বাত্যা ধূম ও দাবাগ্নি দ্বারা যেন আকুলিত হইতেছে ॥ ৩ ॥ স্কন্ধ ও পার্শ্ব-দ্বয়ে বেদনা, হস্তে ও পদে সন্তাপ এবং সর্ব্বাঙ্গগত জ্বর এই তিনটী রাজযক্ষ্মার লক্ষণ ॥ ৪ ॥ যক্ষ্মারোগে বাতাধিক্য থাকিলে স্বরভঙ্গ, স্কন্ধ ও পার্শ্বদেশের সঙ্কোচ ও শূলবদ্ বেদনা, পিত্তাধিক্য থাকিলে জ্বর, দাহ অতিসার ও রক্ত-নিষ্ঠীবন এবং কফাধিক্য থাকিলে মস্তকের পরিপূর্ণতা অর্থাৎ মাথাভার, অরুচি, কাস, কণ্ঠের উদ্ধ্বংস অর্থাৎ গলা সুরসুর করা, কার্ত্তিকের মতে উৎকাসি, এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥ উল্লিখিত একাদশ প্রকার

একাদশভিরেভির্ব্বা ষড়্‌ভির্বাপি সমন্বিতম্। জহ্যাচ্ছোষার্দ্দিতং জন্তুমিচ্ছন্ সুবিমলং যশঃ॥ কাসাতিসারপার্শ্বার্ত্তিস্বরভেদারুচিজ্বরৈঃ। ত্রিভির্ব্বা পীড়িতং লিঙ্গৈঃ কাসশ্বাসাসৃগাময়ৈঃ॥ সর্ব্বৈরর্দ্ধৈস্ত্রিভির্বাপি লিঙ্গৈর্মাংসবলক্ষয়ে। যুক্তো বর্জ্যশ্চিকিৎস্যস্তু সর্ব্বরূপোঽপ্যতোঽন্যথা॥ মহাশনং ক্ষীয়মাণমতীসারনিপীড়িতম্। শূনমুষ্কোদরঞ্চৈব যক্ষ্মিণং পরিবর্জ্জয়েৎ॥ জ্বরানুবন্ধরহিতং

একাদশভিবেভিরিতি স্বরভেদাদিভিঃ কণ্ঠোধ্বংসান্তৈঃ। ষড়্‌ভিবিতি সুশ্রুতেন ষড়্‌রূপাণি পঠিতানি "ভক্তদ্বেষো জ্বরঃ শ্বাসঃ কাসঃ শোণিতদর্শনং। স্বরভেদশ্চ জায়েত ষড়্‌রূপে রাজযক্ষ্মণি" ইতি। কাসাতিসারপার্শ্বার্ত্তিস্বরভেদারুচিজ্বরৈরিতি তু কস্যচিত্তন্ত্রস্য ষড়্‌রূপাণি মাধবেন লিখিতানীতি। এতানি চৈকাদশরূপাণি প্রায়োভাবিত্বাদুক্তানি অন্যক্রমরূপপরিহারাদ্রূপান্তরযোগেঽপি একাদশত্বং ষট্‌ত্বঞ্চ স্যাদেব তথা হি চরকে নিদানে একাদশরূপাণি পঠিত্বা চিকিৎসিতেঽপি বেগরোধাদিকারণচতুষ্টয়জে প্রতিকারণঞ্চতুর্দ্ধা একাদশরূপাণি পঠিতানি যথা "কাসোঽংসতাপো বৈস্বর্য্যং জ্বরঃ পার্শ্বশিরোরুজা। ছর্দ্দনং রক্তকফয়োঃ শ্বাসো বর্চ্চোগ্রহোঽরুচিঃ। রূপাণ্যেকাদশৈতানি যক্ষ্মণঃ ষড়িমানি চ। কাসো জ্বরঃ পার্শ্বশূলং স্বরবর্চ্চোগ্রহোঽরুচিঃ" ইতি। একাদশবচনেনৈবং বোধয়তি সংপূর্ণে যক্ষ্মণি একাদশৈব রূপাণি ভবন্তীতি। জহ্যাদিতি বলমাংসক্ষয়ে সতীতি শেষঃ। তথা চ চরকঃ—"বাতব্যাধিরপস্মারী কুষ্ঠী ব্রধ্নী চিরজ্বরী। গুল্মী চ মধুমেহী চ রাজযক্ষ্মী চ যো নরঃ। অচিকিৎস্যা ভবন্ত্যেতে বলমাংসপরিক্ষয়াৎ। স্বল্পেষ্বপি বিকারেষু ভিষগেতান্ বিবর্জ্জয়েৎ"। সর্ব্বৈরর্দ্ধৈরিত্যাদি। ননু সর্ব্বরূপাণ্যেকাদশ, একাদশানামর্দ্ধং সার্দ্ধপঞ্চ ভবন্তি তৎ কতমস্যার্দ্ধত্বং কিং ভূতং বা ভবতি? উচ্যতে, একস্যার্দ্ধত্বাসম্ভবে ষট্‌পঞ্চরূপয়োবর্দ্ধয়োরুৎকৃষ্টত্বাৎ, ষড়্‌রূপ এবার্দ্ধো গ্রাহ্যঃ। লিঙ্গৈর্যুক্ত ইতি সম্বন্ধঃ। অতোঽন্যথেতি বলমাংসক্ষয়াভাবে সতি, মহাশনং ক্ষীয়মাণমিত্যেকমসাধ্যলক্ষণং অরিষ্টরূপত্বাৎ। অতীসারনিপীড়িতমিতি দ্বিতীয়ং, যক্ষ্মিণাং মলায়ত্তজীবিতস্যোক্তত্বাৎ। শূনমুষ্কোদরমিতি তৃতীয়ং, মুষ্কশোথস্য বিরেকসাধ্যত্বেন বিরুদ্ধোপক্রমত্বাৎ॥ ৬॥

সমস্ত লক্ষণাক্রান্ত অথবা তন্মধ্যে ছয় প্রকার বা তিন প্রকার লক্ষণযুক্ত যক্ষ্মারোগিকে, যশোলিপ্সু চিকিৎসক পরিত্যাগ করিবেন। যক্ষ্মারোগে যদি কাস, অতিসার, পার্শ্ববেদনা, স্বরভঙ্গ, অরুচি ও জ্বর এই ছয় প্রকার অথবা কাস, শ্বাস ও রক্তনিষ্ঠীবন এই তিন প্রকার লক্ষণ প্রকাশিত হয়, তাহা হইলেও যক্ষ্মা দুর্নিবার্য্য। এস্থলে বক্তব্য এই যে রোগির যদি বল ও মাংসক্ষয় হয়, তাহা হইলেই একাদশ প্রকার সমস্ত লক্ষণাক্রান্ত বা তদর্দ্ধ ছয় প্রকার লক্ষণবিশিষ্ট কিংবা তদর্দ্ধ তিন প্রকার লক্ষণযুক্ত যক্ষ্মারোগী ত্যাজ্য, কিন্তু যদি বল ও মাংস থাকে, তাহা হইলে সর্ব্বলক্ষণাক্রান্ত রোগীও চিকিৎস্য। যে যক্ষ্মারোগী প্রচুর পরিমাণে আহার করে অথচ ক্রমশঃ ক্ষীণ হইতে থাকে

বলবন্তং ক্রিয়াসহম্। উপক্রমেদাত্মবন্তং দীপ্তাগ্নিমকৃশং নরম্॥ ৭॥ শুক্লাক্ষমন্ন-দ্বেষ্টারমূর্দ্ধশ্বাসনিপীড়িতম্। কৃচ্ছ্রেণ বহুমেহন্তং যক্ষ্মা হন্তীহ মানবম্॥ ৮॥ ব্যবায়শোকবার্দ্ধক্যব্যায়ামাধ্বপ্রশোষিতান্। ব্রণোরঃক্ষতসংজ্ঞৌ চ শোষিণৌ লক্ষণৈঃ শৃণু॥ ৯॥ ব্যবায়শোষী শুক্রস্য ক্ষয়লিঙ্গৈরুপদ্রুতঃ। পাণ্ডুদেহো যথাপূর্ব্বং ক্ষীয়ন্তে চাস্য ধাতবঃ॥ ১০॥ প্রধ্যানশীলঃ স্রস্তাঙ্গঃ শোকশোষ্যপি

উপক্রমেৎ চিকিৎসেৎ। অকৃশমিত্যনেন বয়ঃস্থোঽপি প্রত্যাখ্যাযোপক্রম্যতে ইতি সূচ্যতে। যদুক্তমন্যত্র "পরং দিনসহস্রন্তু যদি জীবতি মানবঃ। সুভিষগ্‌ভিরুপক্রান্তস্তরুণঃ শোষপীড়িতঃ" ইতি॥ ৭॥

শুক্লাক্ষত্বাদয় একৈকশোঽসাধ্যলক্ষণানি॥ ৮॥

ব্যবায়াদিজনিতধাতুশোষমাত্রেণ রাজযক্ষ্মত্বং নিবসন্নাহ ব্যবাযেত্যাদি। যদুক্তং সুশ্রুতে "কেষাঞ্চিদেব শোষো হি লক্ষণৈর্ভেদমাগতঃ। ন তু ত্রিদোষলিঙ্গানাং সমস্তানাং নিপাতনং। ক্ষয়া এব হি তে জ্ঞেয়াঃ প্রত্যেকং ধাতুসংক্ষয়াৎ" ইতি বৃদ্ধস্য ভাবো বার্দ্ধক্যমিতি স্বার্থে ক্যঞিতি কার্ত্তিকঃ॥ ৯॥

শুক্রস্য ক্ষয়লিঙ্গৈরিতি সুশ্রুতোক্তৈঃ। তদ্‌যথা শুক্রক্ষয়ে মেঢ্রবৃষণবেদনা, অশক্তির্মৈথুনে চিরাদ্বা প্রসেকঃ প্রসেকে চাল্পদর্শনং শুক্রস্য রক্তস্য বেতি॥ ১০॥

এবং যে রোগী অতিসারগ্রস্ত ও যাহার কোষে ও উদরে শোথ জন্মে তাহার জীবন সংশয়॥ ৬॥ যদ্যপি রোগী বলবান্, চিকিৎসার নিয়ম পালনে সক্ষম, যত্নশীল, প্রদীপ্তাগ্নি ও স্থূলকায় হয় এবং জ্বর নিয়ত না থাকে, তাহা হইলে চিকিৎসা করিবে॥ ৭॥ যক্ষ্মারোগির চক্ষুঃ শুক্লবর্ণ, অন্নে বিদ্বেষ, ঊর্দ্ধশ্বাস ও অতি যাতনার সহিত বহু প্রস্রাব বা শুক্রক্ষরণ এই কয়েকটি উপদ্রবের প্রত্যেকটিকে অসাধ্য লক্ষণ বলিয়া জানিবে॥ ৮॥ ব্যবায় অর্থাৎ মৈথুন, শোক, বার্দ্ধক্য, ব্যায়াম, পথপর্য্যটন, ব্রণ ও উরঃক্ষত এই সপ্ত কারণে সপ্ত প্রকার শোষ রোগ উৎপন্ন হয়। তাহাদের প্রত্যেকের লক্ষণ লিখিত হইতেছে॥ ৯॥ ব্যবায় দ্বারা যে শোষরোগ উৎপন্ন হয়, তাহাকে ব্যবায়শোষ কহে। ব্যবায়শোষরোগী, শুক্রক্ষয়জনিত লক্ষণে অর্থাৎ লিঙ্গ ও অণ্ডকোষে বেদনা, মৈথুনে অসামর্থ্য ও বিলম্বে শুক্রের বা রক্তের অল্প ক্ষরণ এই সকল উপদ্রবে উপদ্রুত ও পাণ্ডুবর্ণ হয় এবং শুক্র-ক্ষয় হেতু বায়ুপ্রকোপে তাহার অস্থি মজ্জা প্রভৃতি ধাতু সকল বিলোমভাবে ক্ষয় হইতে থাকে॥ ১০॥ শোকজনিত শোষরোগী প্রধ্যানশীল অর্থাৎ

তাদৃশঃ॥ ১১ ॥ জরাশোষী কৃশো মন্দবীর্য্যবুদ্ধিবলেন্দ্রিয়ঃ। কম্পনোঽরুচিমান্ ভিন্নকাংস্যপাত্রহতস্বরঃ। ষ্ঠীবতি শ্লেষ্মণা হীনং গৌরবারতিপীড়িতঃ। সংপ্রস্রুতাস্যনাসাক্ষঃ শুষ্করুক্ষমলচ্ছবিঃ। অধ্বশোষী চ স্রস্তাঙ্গঃ সংভৃষ্টপরুষচ্ছবিঃ। প্রসুপ্তগাত্রাবয়বঃ শুষ্কক্লোমগলাননঃ। ব্যায়ামশোষী ভূয়িষ্ঠমেভিরেব সম-

প্রধানেত্যাদিনা শোকশোষোঽপি তাদৃশ ইতি শুক্রস্য ক্ষয়লক্ষণব্যতিরিক্তেন শুক্রশোষলিঙ্গেন যুক্তঃ, যথোক্তং সুশ্রুতেন "বিনা শুক্রক্ষয়কৃতৈর্বিকারৈরভিলক্ষিতঃ" ইতি ॥ ১১ ॥

কম্পনঃ কম্পযুক্তঃ, ভিন্নস্য ভগ্নস্য কাংস্যপাত্রস্য হতস্য দণ্ডাদিনেব স্বরো যস্য স তথা। ষ্ঠীবতি শ্লেষ্মণা হীনমিতি শ্লেষ্মহরণায় যত্নে কৃতেঽপি ন শ্লেষ্মনিঃসরণম্। শুষ্করুক্ষমলচ্ছবিরিতি শুষ্করুক্ষে যথাক্রমং মলচ্ছবী যস্য তথা ॥ ১২ ॥

সংভৃষ্টস্যেব ভর্জ্জিতস্যেব পরুষঃ ছবির্ব্বর্ণো যস্য স তথা। প্রসুপ্তঃ স্পর্শানভিজ্ঞঃ। ক্লোমঃ পিপাসাস্থানম্। ক্লোমস্থানে তাল্বিতি পাঠান্তরম্ ॥ ১৩ ॥

এভিরিতি স্রস্তাঙ্গত্বাদিভিরধ্বশোষলক্ষণৈরধ্বনো ব্যায়ামমাত্রসামান্যাৎ। ভূয়িষ্ঠমত্যর্থমধ্বশোষেঽল্পানি লক্ষণানি ব্যায়ামজে তু মহান্তীত্যর্থঃ। তথা "স এবোরঃক্ষতৈর্লিঙ্গৈঃ সহ যুক্তঃ ক্ষতং বিনেতি" সুগমঃ পাঠঃ। গদাধরস্তু লিঙ্গৈরুরঃক্ষতকৃতৈঃ সংযুক্তশ্চ ক্ষতং বিনেতি পঠতি ব্যাচষ্টে চ উরঃক্ষতেন ব্যায়ামভারাধ্যয়নদ্রুতযানাদিহেতুনা যঃ কৃতঃ শোষঃ সোঽপ্যেভিরেবাধ্বশোষলিঙ্গৈর্ভূয়িষ্ঠং সংযুক্তঃ, ক্ষতং বিনা ক্ষতকার্য্যং বিনা ক্ষতকার্য্যন্তু সুশ্রুতে যথা— "তস্যোরসি ক্ষতে রক্তং পূযঃ শ্লেষ্মা চ গচ্ছতি" ইত্যারভ্য "ভিন্নবর্ণস্বরো নরঃ" ইত্যন্তমেতান্যেব লক্ষণানি ক্ষতেঽধিকানি উরঃক্ষতকারণব্যায়ামভারাদিকৃতশোষস্য লক্ষণমেব ভূয়িষ্ঠং যত্তদেবোরঃক্ষতকারণমাত্রত্বাদধ্বনোঽপীত্যর্থঃ। অথবা ক্ষতং বিনা ব্রণং বিনা উরঃক্ষতনিমিত্ত-

যাহার বিয়োগে শোক উৎপন্ন হইয়াছে, সর্ব্বদা তচ্চিন্তাসক্ত ও শিথিলাঙ্গ হয় এবং শুক্রক্ষয় ভিন্ন পূর্ব্বোক্ত ব্যবায় শোষের যাবতীয় উপদ্রবে উপদ্রুত হইয়া থাকে ॥ ১১ ॥ জরা অর্থাৎ বার্দ্ধক্যহেতু যে শোষ হয় তাহাকে জরাশোষ কহে। ইহাতে শরীরের কৃশতা, বীর্য্য, বুদ্ধি বল ও ইন্দ্রিয়শক্তির অল্পতা, কম্প, অরুচি, ভগ্ন কাংস্যপাত্রের ন্যায় ধ্বনি, শ্লেষ্মহীন শুষ্ককাস, দেহের গুরুতা, চিত্তের অস্থিরতা, মুখ, নাসিকা ও চক্ষু হইতে জলস্রাব, শুষ্কমল ও রুক্ষদেহ এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ১২ ॥ অধিক পথপর্য্যটন করাতে যে শোষরোগ জন্মে, তাহাকে অধ্বশোষ কহে। এই রোগে অঙ্গ শিথিল, দেহের কান্তি ভৃষ্ট অর্থাৎ ভাজাদ্রব্যের ন্যায় রুক্ষ, অবয়ব সকল স্পর্শশক্তিবিহীন এবং ক্লোমযন্ত্র, কণ্ঠ ও মুখ শুষ্ক হইয়া থাকে ॥ ১৩ ॥ ব্যায়ামজনিত শোষরোগে, শিথিলাঙ্গতাদি অধ্বশোষের লক্ষণসমূহ বাহুল্যরূপে লক্ষিত হয়

ন্বিতঃ। লিঙ্গৈরুরঃক্ষতকৃতৈঃ সংযুক্তশ্চ ক্ষতং বিনা ॥ ১৪ ॥ রক্তক্ষয়াদ্বেদনাভিস্তথৈবাহারযন্ত্রণাৎ। ব্রণিতস্য ভবেচ্ছোষঃ স চাসাধ্যতমো মতঃ ॥ ১৫ ॥ ধনুষায়স্যতোঽত্যর্থং ভারমুদ্বহতো গুরুম্। যুধ্যমানস্য বলিভিঃ পততো বিষমোচ্চতঃ ॥ বৃষং হয়ং বা ধাবন্তং দম্যং বান্যং নিগৃহ্নতঃ। শিলাকাষ্ঠাশ্মনির্ঘাতান্ ক্ষিপতো নিঘ্নতঃ পরান্ ॥ অধীয়ানস্য বাত্যুচ্চৈর্দূরং বা ব্রজতো দ্রুতম্। মহানদীর্বা তরতো হয়ৈর্বা সহ ধাবতঃ ॥ সহসোৎপততো দূরং তূর্ণং চাতিপ্রনৃত্যতঃ। তথান্যৈঃ কর্ম্মভিঃ ক্রূরৈর্ভৃশমভ্যাহতস্য বা। বিক্ষতে বক্ষসি ব্যাধির্বলবান্ সমুদীর্যাতে ॥ স্ত্রীষু চাতিপ্রসক্তস্য রুক্ষাল্পপ্রমিতাশিনঃ।

ভারাধ্যয়নাতিমাত্রেণ যঃ কৃতঃ শোষঃ সোঽপি এভিরেবাত্যর্থাধ্বশোষলিঙ্গৈঃ সমন্বিত ইতি প্রাকৃতেন সম্বন্ধঃ। সব্রণস্য তু বক্ষ্যমাণমেব লক্ষণমিতি ॥ ১৪ ॥

কারণত্রয়েণ ব্রণশোষলক্ষণমাহ রক্তক্ষয়াদিত্যাদি। বেদনা ব্রণবেদনা। আভিরিতি স্ত্রমশোকবন্ধনক্ষোভাৎ বাতপ্রকোপাদেব শোষঃ স চাসাধ্যতম ইতি স্বার্থিকস্তমপ্। যথা যুধিষ্ঠিরঃ শ্রেষ্ঠতমঃ কুরূণামিতি। অত্রেষ্টৈনৈবাতিশয়িকপ্রত্যয়েন প্রাশস্ত্যাস্য প্রতিপাদিতত্বাৎ অথবা যাপ্যাপেক্ষয়াঽসাধ্যতমত্বেন প্রত্যাখ্যেয়ত্বমুচ্যতে যাপ্যস্যাপ্যসাধ্যত্বাৎ। নন্বেবং সতি কৃশানাং ব্রণশোষিণাং বৃংহণীয়ো বিধিঃ কার্য্য ইতি সুশ্রুতেনৈবোক্তং চিকিৎসিতং বিরুধ্যতে, উচ্যতে প্রবলশোষে প্রত্যাখ্যেয়ত্বং নাতিপ্রবলে চিকিৎসাবিধানমিতি সমর্থনীয়ং চন্দ্রিকাকারস্তু স চাসাধ্যতমঃ স্মৃত ইত্যস্য স্থানে যস্যাসাধ্যতমস্তু স ইতি। চিকিৎসায়াং বৃংহণবিধেরভিধানাৎ ॥ ১৫ ॥

শোষনিদানেনৈব সাহসাদিনা উরঃক্ষতস্য সম্ভবাদুরঃক্ষতেনাপি শোষসম্ভবাৎ শোষাধিকারে সনিদানমুরঃক্ষতমাহ ধনুষেত্যাদি। আযস্যত ইতি আয়াসং কুর্ব্বতো নরস্য, আযমত ইতি পাঠান্তরে বিস্তীর্য্যমাণহৃদয়স্য, দম্যং দমনার্হং বৃষাদিকমেব বলবস্তমিত্যর্থঃ, অন্যং বা গজোষ্ট্রাদিকং, নিগৃহ্নতঃ সংযময়তঃ, শিলা দর্পণশিলা, অশ্ম তদিতরপ্রস্তরখণ্ডঃ,

---

এবং ক্ষত ব্যতিরেকে উরঃক্ষতের অপর সমস্ত লক্ষণ বিদ্যমান থাকে ॥ ১৪ ॥ কোন বিশেষ ক্ষতনিবন্ধন রক্তস্রাব, বেদনা ও তাহার যন্ত্রণা হেতু যে শোষ হয়, তাহাকে ব্রণশোষ কহে। এই শোষ অসাধ্যতম ॥ ১৫ ॥ সতত জ্যারোপণ, ধনুরাকর্ষণ ও গুরুভারবহন, বলবানের সহিত মল্লযুদ্ধ, অতি উচ্চস্থান হইতে পতন, ধাবমান বৃষ, অশ্ব বা গজোষ্ট্রাদি দমনার্হ পশুর বলপূর্ব্বক বিধারণ, শিলাখণ্ড, কাষ্ঠ বা নির্ঘাত নামক অস্ত্রবিশেষের সবলে নিক্ষেপ, শত্রুতাড়ন, অতি উচ্চৈঃস্বরে অধ্যয়ন, দ্রুতবেগে বা বহুদূরে গমন, সন্তরণ দ্বারা সুপ্রশস্ত নদী উত্তরণ, ধাবমান অশ্বের সহিত ধাবন, দূর লম্ফন ও শীঘ্র

উরো বিরুজ্যতেঽত্যর্থং ভিদ্যতেঽথ বিভজ্যতে॥ প্রপীড্যেতে ততঃ পার্শ্বে শুষ্যত্যঙ্গং প্রবেপতে। ক্রমাদ্বীর্য্যং বলং বর্ণো রুচিরগ্নিশ্চ হীয়তে॥ জ্বরো ব্যথা মনোদৈন্যং বিড়্ভেদাগ্নিবধাবপি। দুষ্টঃ শ্যাবঃ সুদুর্গন্ধঃ পীতো বিগ্রথিতো বহুঃ। কাসমানস্য চাভীক্ষ্ণং কফঃ সাসৃক্ প্রবর্ত্ততে। স ক্ষতঃ ক্ষীয়তেঽত্যর্থং তথা শুক্রৌজসোঃ ক্ষয়াৎ॥ ১৬॥ অব্যক্তলক্ষণং তস্য পূর্ব্বরূপমিতি স্মৃতম্॥ ১৭॥ উরোরুক্শোণিতচ্ছর্দ্দিঃ কাসো বৈশেষিকঃ ক্ষতে।

নির্ঘাতোঽস্ত্রবিশেষঃ কিংবা নির্ঘাতঃ শিলাদীনাং প্রেরণবিশেষঃ। অতিবলসম্পাদিতো নিঘ্নতঃ পরান্ তাড়য়তঃ শত্রূন্। অধীয়ানস্য পঠতঃ, মহানদীস্তরত ইতি বাহুভ্যামিতি শেষঃ, তূর্ণং শীঘ্রং তথান্যৈঃ কর্ম্মভিঃ ক্রূরৈর্মল্লযুদ্ধাদিভিরভ্যাহতস্য ক্রূরৈরিতি শত্রুভিরিত্যন্যে, এষাং কারণানাং মধ্যে কিঞ্চিন্নিখিলদেহস্যায়াসকরং কিঞ্চিদুরস এবেতি বোদ্ধব্যং, ব্যাধিরিতি উরঃক্ষতলক্ষণং অথবা ব্যাধির্বায়ুঃ, দোষা অপি ব্যাধিশব্দং লভন্ত ইত্যাগমাদিতি জেজ্জড়ঃ, উরো বিরুজ্যতে ভজ্যত ইব, ভিদ্যতে বিদীর্য্যত ইব, বিভজ্যতে দ্বিধা ক্রিয়ত ইব; বিদহ্যত ইতি পাঠান্তরমসঙ্গতং কারণাভাবাৎ টীকাকারৈরব্যাখ্যাতত্বাচ্চ। বীর্য্যং শক্তিঃ, বলং মাংসোপচয়ঃ, বিড়্ভেদোঽগ্নিবধাদ্ধেতোর্বিড়্ভেদো ভবতীত্যর্থঃ, অপিশব্দাৎ ব্যাধিমহিম্না বিনাপি অগ্নিবধাদ্বিড়্ভেদো ভবতীত্যর্থঃ। দুষ্টো ব্যাপন্নঃ, তদেব বিবৃণোতি শ্যাব ইত্যাদি, বিগ্রথিতো বিশেষাদ্গ্রথিতো বিবদ্ধ ইতি জেজ্জড়ঃ। স পুরুষঃ ক্ষতঃ উরঃক্ষতবান্ ক্ষীয়তে ধাতুশোষমাপ্নোতি ন কেবলং ক্ষতাদেব ক্ষীয়তে স্ত্রীসেবাদিনা শুক্রৌজসোঃ ক্ষয়াদপীত্যাহ তথেত্যাদি॥ ১৬॥

পূর্ব্বরূপমাহ অব্যক্তমিত্যাদি স্পষ্টম্॥ ১৭॥

শীঘ্র নর্ত্তন, এই সকল কারণে এবং এই প্রকার অন্যান্য কঠোর কর্ম্ম সাধন বশতঃ বক্ষঃস্থলে ক্ষত হইলে অথবা অত্যন্ত স্ত্রীসঙ্গম ও রুক্ষাল্পভোজন হেতু বায়ু কুপিত হওয়ায় ভয়ঙ্কর উরঃক্ষত রোগ উৎপন্ন হয়। এই রোগে বক্ষঃস্থল যেন ভগ্ন, বিদীর্ণ বা দ্বিধা বিভক্তবৎ বলিয়া বোধ হয় এবং পার্শ্বদ্বয়ে বেদনা, অঙ্গশোষ ও কম্প উপস্থিত হয়। ক্রমে বীর্য্য বল বর্ণ রুচি ও অগ্নির হীনতা, জ্বর, ব্যথা, মনোদৈন্য, মলভেদ ও অগ্নির লোপ হইতে থাকে। কাসের সহিত পচা দুর্গন্ধ, শ্যাব বা পীতবর্ণ, গ্রন্থিল, সরক্ত কফ নিরন্তর বহু পরিমাণে নির্গত হয়। বিশেষতঃ স্ত্রী-সেবাদিদ্বারা শুক্র ও ওজঃ ক্ষয়হেতু উরঃক্ষত রোগী অত্যন্ত ক্ষীণ হইয়া থাকে॥ ১৬॥ উরঃক্ষত রোগ উৎপন্ন হইলে যে সমস্ত লক্ষণ প্রকাশিত হয়, উৎপন্ন হইবার পূর্ব্বেও সেই সকল লক্ষণই ঈষৎ ব্যক্ত হইয়া থাকে। সেই ঈষৎ ব্যক্ত লক্ষণকেই উরঃক্ষত রোগের পূর্ব্বরূপ

ক্ষীণে সরক্তমূত্রত্বং পার্শ্বপৃষ্ঠকটীগ্রহঃ ॥ ১৮ ॥ অল্পলিঙ্গস্য দীপ্তাগ্নেঃ সাধ্যো বলবতো নবঃ। পরিসংবৎসরো যাপ্যঃ সর্ব্বলিঙ্গন্তু বর্জ্জয়েৎ ॥ ১৯ ॥

ইতি রাজযক্ষ্মক্ষতক্ষীণনিদানম্।

ক্ষতক্ষীণয়োরসাধারণলক্ষণমাহ উরোরুগিত্যাদি। বৈশেষিকো বিশিষ্টঃ কাসঃ, স চ বিশেষ উক্তঃ দুষ্টশ্যাবাদিকফলক্ষণসংযুক্তত্বং কিংবা বৈশেষিক উদ্ভূতক্ষত ইতি চ্ছেদঃ। ক্ষীণ ইতি ক্ষয় ইত্যর্থঃ ॥ ১৮ ॥

সাধ্যলক্ষণমাহ অল্পেত্যাদি স্পষ্টম্ ॥ ১৯ ॥

ইতি বৈদ্যমহামহোপাধ্যায়শ্রীবিজয়রক্ষিতকৃতে ব্যাখ্যামধুকোষে
রাজযক্ষ্মক্ষতক্ষীণনিদানং সমাপ্তম্।

বলে। জ্বরাদির ন্যায় ইহার স্বতন্ত্র পূর্ব্বরূপ নাই ॥ ১৭ ॥ উরঃক্ষত রোগীর বক্ষোবেদনা, রক্তবমন ও অতিশয় কাস হইতে থাকে। রোগী রক্ত, কফ, শুক্র ও সর্ব্বধাতুসার ওজঃ পদার্থের ক্ষয় হেতু ক্ষীণ হইলে তাহার সরক্ত প্রস্রাব এবং পার্শ্ব, পৃষ্ঠ ও কটিতে বেদনা জন্মে ॥ ১৮ ॥ অল্প লক্ষণাক্রান্ত দীপ্তাগ্নিসম্পন্ন বলবান্ ব্যক্তির অচিরোৎপন্ন উরঃক্ষত রোগ সাধ্য, বর্ষাতীত হইলে যাপ্য এবং সর্ব্বরূপসম্পন্ন হইলে অসাধ্য জানিবে (ক) ॥ ১৯ ॥

রাজযক্ষ্মাক্ষতক্ষীণনিদান সমাপ্ত।

(ক) যক্ষ্মারোগকে ইংরাজীতে থাইসিস্ (Phthisis) কহে। উরঃক্ষতের লক্ষণ ফুস্ফুসের ক্ষতের লক্ষণের সহিত ঐক্য হয়। শোষরোগকে ইংরাজীতে কন্‌জমশন্ (Consumption) কহে।

কাসনিদানম্ ।

ধূমোপঘাতাদ্রসতস্তথৈব ব্যায়ামরুক্ষান্ননিষেবণাচ্চ। বিমার্গগত্বাচ্চ হি ভোজনস্য বেগাবরোধাৎ ক্ষবথোস্তথৈব ॥ প্রাণো হ্যুদানানুগতঃ প্রদুষ্টঃ সংভিন্ন-কাংস্যস্বনতুল্যঘোষঃ। নিরেতি বক্ত্রাৎ সহসা সদোষো মনীষিভিঃ কাস ইতি প্রদিষ্টঃ ॥ ১ ॥ পঞ্চ কাসাঃ স্মৃতা বাতপিত্তশ্লেষ্মক্ষতক্ষয়ৈঃ ॥ ২ ॥ ক্ষয়ায়োপেক্ষিতাঃ সর্ব্বে বলিনশ্চোত্তরোত্তরম্ ॥ ৩ ॥ পূর্ব্বরূপং ভবেত্তেষাং শূকপূর্ণ-

ক্ষয়রূপে কাসপাঠাৎ কাসাপেক্ষয়া চ ক্ষয়োৎপত্তিঃ, অতস্তদনন্তরং কাসনিদানমাহ ধূমোপঘাতাদিত্যাদি। ধূমেন মুখনাসাপ্রবিষ্টেনোপঘাতো ধূমোপঘাতঃ। রসত ইতি বাতেনোর্দ্ধং নীতাদামরসাৎ, রজস ইতি পাঠান্তরে মুখনাসাপ্রবিষ্টধূলেরিত্যর্থঃ। বিমার্গগত্বাচ্চ ভোজনস্যাতিদ্রুতাভ্যবহারাদিনা, চকারঃ সমুচ্চয়ে, হি পাদপূরণে। বেগবিরোধাদিতি পুরীষাদেস্তেন হি বায়ুরূর্দ্ধগঃ স্যাৎ। ক্ষবথোস্তথৈবেতি বেগাবরোধাদিতি সম্বন্ধঃ। প্রাণো বায়ুরুদানেন দুষ্টেনানুগতো বক্ত্রান্নিরেতি। স বায়ুঃ সংভিন্নকাংস্যপাত্রবৎ হতস্বনঃ কাস ইতি প্রদিষ্টঃ, সদোষঃ সকফপিত্তঃ, বাতিকপৈত্তিকাদিভেদাদ্ভিন্নঃ, এতেনৈব সমানস্থাননিদানাভ্যাং হিক্কাশ্বাসাভ্যামস্য ভেদঃ। ন হি তত্র বাতিকপৈত্তিকাদিভেদেন ব্যপদেশ ইতি গদাধরঃ, কসতি শিরঃকণ্ঠাদূর্দ্ধং গচ্ছতি চরতি বায়ুরিতি। কাসঃ, কসগতিশাতনয়োরিত্যস্মাৎ কসনাৎ কাস ইতি চরকে পাঠঃ, কাসনং কাস ইতি বা, ভিন্নস্বরঃ কাসতি শুষ্কমেবেতি সুশ্রুতদর্শনাৎ ॥ ১ ॥

পঞ্চকাসা ইতি সংখ্যেয়নির্দ্দেশাদেব সংখ্যায়াং লব্ধায়াং পঞ্চগ্রহণং জরাকাসস্য দোষজেষু চান্তর্ভূতস্যাধিকত্বনিরাসার্থম্ ॥ ২ ॥

পঞ্চানামপি ক্ষয়কারণত্বপ্রতিপাদনার্থমিতি। ক্ষয়ায় ধাতুক্ষয়ায় ॥ ৩ ॥

মুখ ও নাসাপথে ধূম বা ধূলি প্রবেশ, বায়ু দ্বারা আমরসের ঊর্দ্ধগমন, ব্যায়াম, রুক্ষান্ন ভোজন, ভুক্তদ্রব্যের বিমার্গগমন অর্থাৎ দ্রুত ভোজনাদি হেতু আহারের শ্বাসপথে প্রবেশ, মলমূত্রাদির ও হাঁচির বেগরোধ, এই সকল কারণে কুপিত প্রাণবায়ু, দুষ্ট উদানবায়ুর অনুগত ও কফপিত্তের সহিত মিলিত এবং ভগ্ন কাংস্যপাত্রের ন্যায় শব্দবিশিষ্ট হইয়া সহসা মুখ হইতে নির্গত হয়, ইহাকেই পণ্ডিতেরা কাসরোগ বলেন ॥ ১ ॥ বায়ু, পিত্ত, কফ, উরঃক্ষত ও ধাতুক্ষয় এই পাঁচ প্রকার কারণে পাঁচ প্রকার কাস উৎপন্ন হয়। এতদ্ব্যতীত জরানিবন্ধনও এক প্রকার কাস জন্মে, তাহা বাতাদি দোষজ কাসেরই অন্তর্ভূত জানিবে। সকল প্রকার কাসই উপেক্ষিত

গলাস্থতা। কণ্ঠে কণ্ডূশ্চ ভোজ্যানামবরোধশ্চ জায়তে ॥ ৪ ॥ হৃচ্ছঙ্খমূর্দ্ধোদর-পার্শ্বশূলী ক্ষামাননঃ ক্ষীণবলস্বরৌজাঃ। প্রসক্তবেগস্তু সমীরণেন ভিন্নস্বরঃ কাসতি শুষ্কমেব ॥ ৫ ॥ উরোবিদাহজ্বরবক্ত্রশোষৈরভ্যর্দ্দিতস্তিক্তমুখস্তৃষার্ত্তঃ। পিত্তেন পীতানি বমেৎ কটূনি কাসেৎ সপাণ্ডুঃ পরিদহ্যমানঃ ॥ ৬ ॥ প্রলিপ্য-মানেন মুখেন সীদন্ শিরোরুজার্ত্তঃ কফপূর্ণদেহঃ। অভক্তরুগ্গৌরবকণ্ডুযুক্তঃ কাসেদ্ভৃশং সান্দ্রকফঃ কফেন ॥ ৭ ॥ অতিব্যবায়ভারাধ্বযুদ্ধাশ্বগজবিগ্রহৈঃ। রুক্ষস্যোরঃক্ষতং বায়ুর্গৃহীত্বা কাসমাচরেৎ ॥ স পূর্ব্বং কাসতে শুষ্কং ততঃ ষ্ঠীবেৎ

পূর্ব্বরূপমাহ। ভোজ্যানামববোধ ইত্যরুচিবত্যবহাবাসামর্থ্যং বা ॥ ৪ ॥

বাতিককাসরূপমাহ হৃদিত্যাদি। শঙ্খো ললাটৈকদেশঃ। ক্ষামাননঃ শুষ্কমুখো বাতেন শোষণাৎ, প্রসক্তবেগঃ সততকাসবেগঃ, শুষ্কমিতি শ্লেষ্মাদিষ্ঠীবনরহিতম্ ॥ ৫ ॥

পৈত্তিককাসমাহ উর ইত্যাদি। অভ্যর্দ্দিতঃ পীড়িতঃ ॥ ৬ ॥

কফজকাসমাহ প্রলিপ্যমানেনেত্যাদি। প্রলিপ্যমানেন শ্লেষ্মলিপ্তেন মুখেনোপলক্ষিতঃ, সীদন্ অবসাদযুক্তঃ, অভক্তরুগরুচিঃ ॥ ৭ ॥

ক্ষতকাসমাহ অতিব্যবায়েত্যাদি। বিগ্রহো বিধারণং যুদ্ধস্যোপাত্তত্বাৎ, নিগ্রহ ইতি পাঠে স এবার্থঃ। ততঃ ষ্ঠীবেৎ সশোণিতমিতি কাসাভিঘাতেন হৃদয়বিদারণাৎ, কণ্ঠেনেতি উপলক্ষণে তৃতীয়া। এবমুরসেতি বিরুগ্নেনেব ভগ্নেনেব, সূচীভিরিব তুদ্যমানেন শূলিনা চ

অর্থাৎ অচিকিৎসিত হইলে ক্রমশঃ বলবান্ হইয়া শেষে ধাতুক্ষয়কারক হইয়া উঠে ॥ ২।৩ ॥ কাসরোগ উৎপন্ন হইবার পূর্ব্বে মুখ ও কণ্ঠদেশ যবাদির শূয়া দ্বারা ব্যাপ্ত বলিয়া অনুভূত হয় এবং গলার মধ্যে কণ্ডূ ও আহারদ্রব্য গিলিতে কণ্ঠে ব্যথা হইয়া থাকে ॥ ৪ ॥ বাতকাসে, হৃদয়, শঙ্খদেশ অর্থাৎ ললা-টৈকদেশ, পার্শ্বদ্বয়, উদর ও মস্তকে শূলবদ্‌বেদনা, মুখের শুষ্কতা, বল, স্বর ও ওজঃ পদার্থের ক্ষীণতা, নিরন্তর কাসবেগ, স্বরভঙ্গ ও শ্লেষ্মাদি রহিত শুষ্ক-কাস এই সকল লক্ষণ উপস্থিত হয় ॥ ৫ ॥ পৈত্তিককাসে, হৃদয়ের দাহ, জ্বর, মুখের শোষ ও তিক্ততা, পিপাসা, পীতবর্ণ-কটুস্বাদ-বমন, দেহের পাণ্ডু-বর্ণতা ও কাসকালে কণ্ঠদাহ এই সকল লক্ষণ লক্ষিত হয় ॥ ৬ ॥ শ্লৈষ্মিককাসে, রোগী শ্লেষ্মলিপ্তমুখ, অবসন্ন, শিরোবেদনাযুক্ত, কফপূর্ণ দেহ, আহারবিমুখ, দেহ ভারাক্রান্ত ও কণ্ডুযুক্ত হয় এবং নিরন্তর বেগে কাসিতে থাকে। কাসের সময় অতিশয় ঘন কফ নির্গত হয় ॥ ৭ ॥ অতি মৈথুন, গুরুভার বহন, অধিক পথপর্য্যটন, যুদ্ধাশ্ব ও গজের বলপূর্ব্বক ধারণাদি এই সকল কারণে শরীর
